Bangladesh Accreditation Board (BAB)
Ministry of Industries
91, Motijheel C/A, Dhaka-1000, Tel: +88-02-9513221, Email: info@bab.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বার্ষিক প্রতিবেদন
## ২০২৩-২০২৪

বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)
শিল্প মন্ত্রণালয়

GLOBAL ACCEPTANCE

BAB

BANGLADESH ACCREDITATION BOARD

# বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)

শিল্প মন্ত্রণালয়

BANGLADESH ACCREDITATION BOARD [BAB]

# বিএবি বার্ষিক প্রতিবেদন
# ২০২৩-২০২৪


প্রকাশক

**বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)**
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ (৬ষ্ঠ তলা)
ঢাকা-১০০০

প্রকাশকাল

অক্টোবর ২০২৪



স্বত্ব

বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)
কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত



# মুখবন্ধ

বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) দেশে বিদ্যমান বিভিন্ন সাযুজ্য নিরূপণকারী প্রতিষ্ঠান যেমন: টেস্টিং, ক্যালিব্রেশন ও মেডিকেল ল্যাবরেটরি, সনদ প্রদানকারী সংস্থা এবং পরিদর্শন সংস্থাকে আন্তর্জাতিক মান এবং গাইডলাইন অনুসারে এ্যাক্রেডিটেশন সনদ প্রদান করার একমাত্র দায়িত্বপ্রাপ্ত সংস্থা। বিএবি অভ্যন্তরীণ, আঞ্চলিক ও আন্তর্জাতিক বাজারে দেশীয় পণ্য ও সেবার গুণগতমানের স্বীকৃতি ও গ্রহণযোগ্যতা বৃদ্ধি এবং আন্তর্জাতিক বাণিজ্যে কারিগরি বাধা দূরীকরণের মাধ্যমে রপ্তানি বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। ২০২৩-২০২৪ অর্থবছরে পর্যন্ত বিএবি ১৪৩ টি সাযুজ্য নিরূপণকারী প্রতিষ্ঠানকে এ্যাক্রেডিটেশন সনদ প্রদান করেছে। বিএবি-এর কার্যক্রমের আন্তর্জাতিক স্বীকৃতিস্বরূপ টেস্টিং, ক্যালিব্রেশন ও মেডিকেল ল্যাবরেটরি এবং পরিদর্শন সংস্থার ক্ষেত্রে Asia Pacific Accreditation Cooperation (APAC), International Laboratory Accreditation Cooperation (ILAC) এর পারস্পরিক স্বীকৃতি ব্যবস্থা (Mutual Recognition Arrangement-MRA) স্বাক্ষর করেছে, যা বিএবি'র একটি উল্লেখযোগ্য সাফল্য। MRA অর্জনের ফলে বিএবি'র এ্যাক্রেডিটেড প্রতিষ্ঠানের রিপোর্ট এবং সার্টিফিকেট বিশ্বব্যাপী স্বীকৃত হচ্ছে। একটি উন্নত, সমৃদ্ধ এবং প্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণে বিএবি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এছাড়াও, বিএবি এসডিজি, নৈতিকতা ও শুদ্ধাচার, উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নসহ সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন পরিকল্পনা এবং কর্মসূচি বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

এ্যাক্রেডিটেশন একটি চলমান প্রক্রিয়া। বিএবি'র এ্যাক্রেডিটেশন নিউজলেটারের ২৬তম ও ২৭তম সংস্করণে প্রশিক্ষণ এবং সক্ষমতা উন্নয়ন কার্যক্রমসহ অনেক উল্লেখযোগ্য অর্জনসহ চলমান বিষয়ের ওপর আলোকপাত করা হয়েছে। এই সংস্করণে এ্যাক্রেডিটেশন এবং গুণগতমানের সাথে সম্পর্কিত বিএবি'র কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি, বিভিন্ন ক্ষেত্রে নতুন সাযুজ্য নিরূপণকারী প্রতিষ্ঠানসমূহকে এ্যাক্রেডিটেশন প্রদান, দক্ষ ও কারিগরি জনবল তৈরি এবং এ্যাক্রেডিটেশনের প্রয়োজনীয়তা ও গুরুত্ব সম্পর্কে অংশীজন এবং জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণ-ওয়ার্কশপের তথ্যাদি অন্তর্ভুক্ত করা হয়েছে।

আমরা আশা করি বরাবরের মতো আপনি নিউজলেটারটি পড়ে উপভোগ করবেন। বিএবি'র কার্যক্রম সংশ্লিষ্ট যেকোন ধরনের পরামর্শ আহবান করছি।

এই নিউজলেটার প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সবাইকে আমার পক্ষ থেকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই।

মুঃ আনোয়ারুল আলম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

# বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ডের সম্মানিত চেয়ারম্যান ও সদস্যবৃন্দ



জাকিয়া সুলতানা
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) ও
সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়



জাকিয়া সুলতানা
সিনিয়র সচিব
শিল্প মন্ত্রণালয়



মোঃ সাইদুর রহমান
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা




মোঃ মাসুদুল হাসান
সচিব
খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা



মোঃ মোকাব্বির হোসেন
সনিয়র সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা



মোঃ জাহাঙ্গীর আলম
যুগ্ম সচিব (মান নিয়ন্ত্রণ ও ব্যবসা সহায়তা)
শিল্প মন্ত্রণালয়ের মনোনীত প্রতিনিধি
শিল্প মন্ত্রণালয়



মোঃ মাহবুবুল আলম
সভাপতি
ফেডারেশন অব বাংলাদেশ
চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি



ড. শরীফ মোহাম্মদ মমিনুজ্জামান
অধ্যাপক
তড়িৎ এবং ইলেক্ট্রনিক্স কৌশল
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)
(বুয়েট ভিসি মনোনীত প্রতিনিধি)



জনাব এস এম ফেরদৌস আলম
মহাপরিচালক (গ্রেড-১)
বি এস টি আই,
বি এ সি বি মনোনীত প্রতিনিধি



ড. সামিনা আহমেদ
চেয়ারম্যান
বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ
(বিসিএসআইআর)



মুঃ আনোয়ারুল আলম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব) ও
সদস্য সচিব, বিএবি

| সম্পাদনা পরিষদ | | |
|---|---|---|
| ১ | **মুঃ আনোয়ারুল আলম**, মহাপরিচালক (অতিরিক্ত সচিব) | সভাপতি |
| ২ | **মোঃ নাসিরুল ইসলাম**, উপপরিচালক | সদস্য |
| ৩ | **মোঃ মাহবুবুর রহমান**, উপপরিচালক | সদস্য |
| ৪ | **মোহাম্মদ আব্বাছ আলম**, পরিচালক | সদস্য |
| ৫ | **মোঃ তৌহিদুর রহমান**, পরিচালক | সদস্য সচিব |

## শব্দ সংক্ষেপ

| | |
|---|---|
| APAC | Asia Pacific Accreditation Cooperation |
| ATLB | Association of Testing Laboratories, Bangladesh |
| BACB | Bangladesh Association of Certification Bodies |
| CAB | Conformity Assessment Body |
| DCCI | Dhaka Chamber of Commerce and Industry |
| GoB | Government of Bangladesh |
| IAF | International Accreditation Forum |
| IEC | International Electro-technical Commission |
| ILAC | International Laboratory Accreditation Cooperation |
| ISO | International Organization for Standardization |
| MLA | Multilateral Recognition Arrangement |
| MoU | Memorandum of Understanding |
| MRA | Mutual Recognition Arrangement |
| PTB | Physikalisch Technicsche Bundesanstalt, Germany |
| SAARC | South Asian Association for Regional Cooperation |
| SEGA | SAARC Expert Group on Accreditation |
| SMIIC | Standards and Metrology Institute for the Islamic Countries |
| TBT | Technical Barriers to Trade |
| WAD | World Accreditation Day |

# সূচিপত্র


| সূচিপত্র | পৃষ্ঠা |
|---|---|
| ০১. বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) | ০৯ |
| ০২. বোর্ডের জনবল | ১৪ |
| ০৩. সাংগঠনিক কাঠামো | ১৪ |
| ০৪. বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস উদযাপন | ১৪ |
| ০৫. এ্যাক্রেডিটেড প্রতিষ্ঠান পরিদর্শন | ১৫ |
| ০৬. আন্তর্জাতিক স্বীকৃতি | ১৬ |
| ০৭. প্রশিক্ষণ কোর্স আয়োজনঃ | ১৬ |
| ০৮. ৪ ইন-হাউজ প্রশিক্ষন আয়োজনঃ | ১৭ |
| ০৯. বিএবি আয়োজিত সভা ও সেমিনারসমূহ | ২১ |
| ১০. ২০২২-২৩ অর্থবছরের বরাদ্দকৃত এবং বিএবি'র নিজস্ব আয়ের ব্যয়ের হিসাব | ২২ |
| ১১.০ ১৩ তম অ্যাসেসর রিফ্রেশার্স কোর্স আয়োজন | ২৩ |
| ১২.০ বিএবি'র ভবিষ্যৎ কর্মপরিকল্পনা | ২৩ |
| ১৩.০ তথ্য অধিকার | ২৩ |
| ১৪.০ বিএবি'র কর্মরত জনবলের তালিকা | ২৪ |

## ১.০ বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)



**ACCREDITATION**

বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসাবে জাতীয় মান অবকাঠামো, সাজুয্য নিরূপণ পদ্ধতির উন্নয়ন, দেশীয় পণ্য ও সেবার মান উন্নয়ন, ভোক্তার অধিকার প্রতিষ্ঠায় সহায়তা এবং রপ্তানি বাণিজ্য সম্প্রসারণ তথা দেশের সার্বিক উন্নয়নে কার্যকরী ভূমিকা পালন করে চলছে। দেশে বিদ্যমান বিভিন্ন পরীক্ষাগার, সনদ প্রদানকারী সংস্থা, পরিদর্শন সংস্থা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে এ্যাক্রেডিটেশন সনদ প্রদানের লক্ষ্যে ২০০৬ সালে "বাংলাদেশ এ্যাক্রেডিটেশন আইন, ২০০৬" অনুযায়ী এ বোর্ড গঠিত হয়।

"বাংলাদেশ এ্যাক্রেডিটেশন আইন, ২০০৬" অনুযায়ী একজন চেয়ারম্যান সহ ১৪ সদস্যের সমন্বয়ে বোর্ড গঠিত হয়। বোর্ডের সদস্যগণ হলেন, শিল্প মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রণালয় সহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবগণ এবং শিল্প মন্ত্রণালয় কর্তৃক মনোনীত বিজ্ঞান ও শিল্পক্ষেত্রে বিশেষ বুৎপত্তিসম্পন্ন ২ জন প্রতিনিধি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) এর সভাপতি, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর উপাচার্য কর্তৃক মনোনীত অধ্যাপক পদমর্যাদার একজন প্রতিনিধি, বাংলাদেশ এসোসিয়েশন অব সার্টিফিকেশন বডিজ (বিএসিবি) কর্তৃক মনোনীত কোন সনদ প্রদানকারী সংস্থা প্রধান, এসোসিয়েশন অব টেস্টিং ল্যাবরেটরিজ, বাংলাদেশ (এটিএলবি) কর্তৃক মনোনীত কোন টেস্টিং ল্যাবরেটরির প্রধান এবং এ সংস্থার মহাপরিচালক। বিদ্যমান আইন অনুসারে বোর্ডের চেয়ারম্যান সরকার কর্তৃক নিযুক্ত হবেন এবং সভায় সভাপতিত্ব করবেন এবং মহাপরিচালক সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।

এ্যাক্রেডিটেশন হচ্ছে কোন প্রতিষ্ঠানের পরীক্ষণ, ক্যালিব্রেশন, পরিদর্শন বা সনদ প্রদানের মত সুনির্দিষ্ট কর্মকান্ড পরিচালনার প্রয়োজনীয় সক্ষমতা রয়েছে কি না তা যাচাইপূর্বক স্বীকৃতি প্রদান করা। এ স্বীকৃতি আন্তর্জাতিক মানের ভিত্তিতে মূল্যায়নের মাধ্যমে প্রদান করা হয়। প্রত্যয়নপ্রাপ্ত প্রতিষ্ঠানের যোগ্যতা, সক্ষমতা, সততা ও নিরপেক্ষতা প্রমাণের জন্য আন্তর্জাতিক মানের সকল নিয়ম কানুন প্রতিপালন করা একটি আবশ্যকীয় শর্ত।

এ্যাক্রেডিটেশনের মাধ্যমে সাজুয্য নিরূপণকারী সংস্থাগুলোর দক্ষতা, যোগ্যতা ও মান ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট ক্ষেত্রে আন্তর্জাতিক স্বীকৃতি পায়। সেবা গ্রহণকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান নিজেদের প্রয়োজন ও পছন্দ অনুযায়ী এ সকল পরীক্ষাগার, পরিদর্শন বা সনদ প্রদানকারী সংস্থা থেকে সেবা গ্রহণ করতে পারে।

এ্যাক্রেডিটেশন সেবা প্রদান ছাড়াও, এ বোর্ড জাতীয়, আঞ্চলিক এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষাসহ তথ্যের আদান-প্রদান, প্রশিক্ষণ, সেমিনার ও সিম্পোজিয়ামের আয়োজন করে। বিভিন্ন আন্তঃরাষ্ট্রীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থার সাথে পারস্পরিক বহুমাত্রিক স্বীকৃতির ব্যবস্থা (MRA) স্বাক্ষর করে আন্তর্জাতিক বাণিজ্যে কারিগরি বাধা (Technical Barriers to Trade) অপসারণের মাধ্যমে দেশীয় পণ্যের রপ্তানি বাণিজ্য প্রসারে সহায়তা করে।

বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড ২০১৫ সালে Asia Pacific Accreditation Cooperation (APAC) এর পূর্ণ সদস্যপদ সহ APAC- Mutual Recognition Arrangement (MRA) স্বাক্ষর করে। একই বছর International Laboratory Accreditation Cooperation (ILAC) এর পূর্ণ সদস্যপদ লাভ করা সহ পরীক্ষণ ও ক্যালিব্রেশনের জন্য ILAC-MRA অর্জন করে। ২০১৯ সালে বিএবি উক্ত প্রতিষ্ঠান ২টির সাথে মেডিকেল ও পরিদর্শনের জন্য Mutual Recognition Arrangement (MRA) স্বাক্ষর করে। প্রতি চার বছর পর পর APAC কর্তৃক গঠিত বিভিন্ন দেশের বিশেষজ্ঞদের সমন্বয়ে APAC Peer Evaluation কমিটির মূল্যায়নের মাধ্যমে এ আন্তর্জাতিক স্বীকৃতি রক্ষা করা হয়। সম্প্রতি ১৪-১৮ নভেম্বর ২০২২ খ্রি. তারিখে আমেরিকা, চীন, থাইল্যান্ড ও ফিলিপাইন এর এ্যাক্রেডিটেশন বিষয়ক বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত কমিটির মূল্যায়নের ভিত্তিতে পরীক্ষণ, ক্যালিব্রেশন, মেডিকেল ও পরিদর্শনের জন্য Mutual Recognition Arrangement (MRA) নবায়ন সম্পন্ন হয়েছে। বর্তমানে International Accreditation Forum (IAF), International Halal Accreditation Forum (IHAF), Standards and Metrology Institute for Islamic Countries (SMIIC) এর সদস্যপদ অর্জনের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

## ১.১ রূপকল্প

এশিয়া প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে নির্ভরযোগ্য এ্যাক্রেডিটেশন প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠা।

## ১.২ অভিলক্ষ্য

প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের মাধ্যমে বিশ্বব্যাপী স্বীকৃত এ্যাক্রেডিটেশন সেবা প্রদান এবং আন্তর্জাতিক স্বীকৃতি বজায় রাখা।




## ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ

- আন্তর্জাতিক মান অনুসারে এ্যাক্রেডিটেশন সেবা প্রদান;
- প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়ন;
- দেশে মান বিষয়ে প্রশিক্ষিত জনবল সৃষ্টি;
- আন্তর্জাতিক প্রতিষ্ঠানসমূহের সদস্যপদ অর্জন ও বজায় রাখা;
- ভোক্তা ও অংশীজনদের মাঝে এ্যাক্রেডিটেশন বিষয়ক সচেতনতা বৃদ্ধি।
- সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ।



## ১.৪ প্রধান কার্যাবলী

- আইএসও/আইইসি ১৭০২৫ অনুসারে টেস্টিং ও ক্যালিব্রেশন ল্যাবরেটরিকে এ্যাক্রেডিটেশন প্রদান;
- আইএসও ১৫১৮৯ অনুসারে মেডিকেল ল্যাবরেটরিকে এ্যাক্রেডিটেশন প্রদান;
- আইএসও/আইইসি ১৭০২১ অনুসারে সনদ প্রদানকারী সংস্থাকে এ্যাক্রেডিটেশন প্রদান;
- আইএসও/আইইসি ১৭০২০ অনুসারে পরিদর্শন সংস্থাকে এ্যাক্রেডিটেশন প্রদান;
- আন্তর্জাতিক মান ও গাইডলাইন অনুযায়ী বিভিন্ন প্রকার অ্যাসেসর কোর্স পরিচালনা;
- মান বিষয়ে কারিগরী প্রশিক্ষণের আয়োজন;
- অ্যাসেসর রিফ্রেশার কোর্স আয়োজন;
- অংশীজনদের সমন্বয়ে এ্যাক্রেডিটেশন কনক্লেভ (এ্যাক্রেডিটেশন বিষয়ক বিশেষ সম্মেলন) আয়োজন;
- সচেতনতা বৃদ্ধির জন্য সেমিনার ওয়ার্কশপ আয়োজন;
- নিয়মিত নিউজ লেটার, বার্ষিক প্রতিবেদন, স্যুভেনির প্রকাশ করা;
- আন্তর্জাতিক পর্যায়ের প্রতিষ্ঠানসমূহের বার্ষিক সভা, অর্ধবার্ষিক সভা, টেকনিক্যাল কমিটি, ওয়ার্কিং গ্রুপ ইত্যাদিতে অংশগ্রহণ।



# ১.৫ নাগরিক সনদ

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | সেবার নাম প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
| ০১ | টেকসই ও পরিবেশবান্ধব শিল্পায়ন, রপ্তানি বাণিজ্য সম্প্রসারন, জাতীয় গুণগত মান অবকাঠামো উন্নয়ন, এবং আন্তর্জাতিক স্বীকৃতির উদ্দেশ্যে টেস্টিং ও ক্যালিব্রেশন ল্যাবরেটরি সমূহকে এ্যাক্রেডিটেশন সনদ প্রদান | ধাপ ১: আবেদনপত্র গ্রহণের পর যাচাইপূর্বক রেজিস্ট্রেশন ও কেইস অফিসার নিয়োগ প্রদান | ১. যথাযথভাবে পূরণকৃত আবেদন পত্র (AF ০১-টেস্টিং/ ক্যালিব্রেশন ল্যাবরেটরি)<br>২. আবেদন পত্রানুযায়ী চাহিত কাগজ পত্রাদি।<br>**প্রাপ্তি স্থান:** বিএবি'র ওয়েবসাইট এবং কার্যালয়। | আবেদন ফি প্রতি ক্ষেত্রের জন্য ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা)।<br>সেবার মূল্য এ্যাক্রেডিটেশন ফি সিডিউল (SP ০২) অনুসারে ধার্য করা হয়।<br>বিএবি'র অনুকূলে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট/ ক্রস চেক এর মাধ্যমে পরিশোধ করতে হয়।<br>সকল সেবার মূল্যে ১৫% ভ্যাট প্রযোজ্য। | মোট ২১০ দিন (০৭ মাস)<br>ধাপ ১: আবেদন প্রাপ্তির পর ০৩ (তিন) কার্যদিবস | জনাব মোঃ সালাউদ্দিন খান মিলন অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর গ্রহণ/প্রেরণ শাখা<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২১<br>info@bab.gov.bd |
| | | ধাপ ২: এ্যাডিকোয়েসি অডিট/ পর্যাপ্ততা যাচাইকরণ | | | ধাপ ২: ০৫ (পাঁচ) কার্যদিবস | কেইস অফিসার/টিম লিডার<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩<br>info@bab.gov.bd |
| | | ধাপ ৩: অ্যাসেসমেন্ট টিম কর্তৃক আবেদনকারী প্রতিষ্ঠানে প্রি অ্যাসেসমেন্ট সম্পন্নকরণ | | | ধাপ ৩: ৯০ (নব্বই) দিন | কেইস অফিসার, টিম লিডার/ অ্যাসেসমেন্ট টিম<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩<br>info@bab.gov.bd |
| | | ধাপ ৪: অ্যাসেসমেন্ট টিম কর্তৃক আবেদনকারী প্রতিষ্ঠানে অ্যাসেসমেন্ট সম্পন্নকরণ | | | ধাপ ৪: ৯০ (নব্বই) দিন | কেইস অফিসার, টিম লিডার/ অ্যাসেসমেন্ট টিম<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩<br>info@bab.gov.bd |
| | | ধাপ ৫: এ্যাক্রেডিটেশন কমিটি কর্তৃক অ্যাসেসমেন্ট প্রতিবেদন পর্যালোচনা ও এ্যাক্রেডিটেশনের চূড়ান্ত মূল্যায়ন | | | ধাপ ৫: ১৫ (পনের) কার্যদিবস | কেইস অফিসার ও এ্যাক্রেডিটেশন কমিটি<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩<br>info@bab.gov.bd |
| | | ধাপ ৬: এ্যাক্রেডিটেশন কমিটির সুপারিশের ভিত্তিতে এ্যাক্রেডিটেশন সনদ স্বাক্ষর এবং বিএবি ওয়েব সাইটে প্রদর্শন | | | ধাপ ৬: ০৭ (সাত) কার্যদিবস | মহাপরিচালক ও কেইস অফিসার<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২১<br>info@bab.gov.bd |
| ০২ | জাতীয় গুণগত মান অবকাঠামো উন্নয়ন, নিরাপদ স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে সহায়তা এবং আন্তর্জাতিক স্বীকৃতির উদ্দেশ্যে মেডিকেল ল্যাবরেটরি সমূহকে এ্যাক্রেডিটেশন সনদ প্রদান | ধাপ ১: আবেদনপত্র গ্রহণের পর যাচাইপূর্বক রেজিস্ট্রেশন ও কেইস অফিসার নিয়োগ প্রদান | ১. যথাযথভাবে পূরণকৃত আবেদন পত্র (এফ ০২-মেডিকেল ল্যাবরেটরি)।<br>২. আবেদন পত্রানুযায়ী চাহিত কাগজপত্রাদি।<br>**প্রাপ্তিস্থান:** বিএবি'র ওয়েবসাইট এবং কার্যালয়। | আবেদন ফি প্রতি ক্ষেত্রের জন্য ২৫,০০০/-(পঁচিশ হাজার টাকা)।<br>সেবার মূল্য এ্যাক্রেডিটেশন ফি সিডিউল (এসপি ০২) অনুসারে ধার্য করা হয়।<br>বিএবি'র অনুকূলে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট/ ক্রস চেক এর মাধ্যমে পরিশোধ করতে হয়।<br>সকল সেবার মূল্যে ১৫% ভ্যাট প্রযোজ্য। | মোট ২১০ দিন (০৭ মাস)<br>ধাপ ১: আবেদন প্রাপ্তির পর ০৩ (তিন) কার্যদিবস | জনাব মোঃ সালাউদ্দিন খান মিলন অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর গ্রহণ/প্রেরণ শাখা<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২১<br>info@bab.gov.bd |
| | | ধাপ ২: এ্যাডিকোয়েসি অডিট/ পর্যাপ্ততা যাচাইকরন | | | ধাপ ২: ০৫ (পাঁচ) কার্যদিবস | কেইস অফিসার/টিম লিডার<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩<br>info@bab.gov.bd |
| | | ধাপ ৩: অ্যাসেসমেন্ট টিম কর্তৃক আবেদনকারী প্রতিষ্ঠানে প্রি অ্যাসেসমেন্ট সম্পন্নকরণ | | | ধাপ ৩: ৯০ (নব্বই) দিন | কেইস অফিসার, টিম লিডার/ অ্যাসেসমেন্ট টিম<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩<br>info@bab.gov.bd |
| | | ধাপ ৪: অ্যাসেসমেন্ট টিম কর্তৃক আবেদনকারী প্রতিষ্ঠানে অ্যাসেসমেন্ট সম্পন্নকরণ | | | ধাপ ৪: ৯০ (নব্বই) দিন | কেইস অফিসার, টিম লিডার/ অ্যাসেসমেন্ট টিম<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩<br>info@bab.gov.bd |
| | | ধাপ ৫: এ্যাক্রেডিটেশন কমিটি কর্তৃক অ্যাসেসমেন্ট প্রতিবেদন পর্যালোচনা ও এ্যাক্রেডিটেশনের চূড়ান্ত মূল্যায়ন | | | ধাপ ৫: ১৫ (পনের) কার্যদিবস | কেইস অফিসার ও এ্যাক্রেডিটেশন কমিটি<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩<br>info@bab.gov.bd |
| | | ধাপ ৬: এ্যাক্রেডিটেশন কমিটির সুপারিশের ভিত্তিতে এ্যাক্রেডিটেশন সনদ স্বাক্ষর এবং বিএবি ওয়েব সাইটে প্রদর্শন | | | ধাপ ৬: ০৭ (সাত) কার্যদিবস | মহাপরিচালক ও কেইস অফিসার<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২১<br>info@bab.gov.bd |
| ০৩ | টেকসই ও পরিবেশবান্ধব শিল্পায়ন, রপ্তানি বাণিজ্য সম্প্রসারন, জাতীয় গুণগত মান অবকাঠামো উন্নয়ন, এবং আন্তর্জাতিক স্বীকৃতির উদ্দেশ্যে সনদ প্রদানকারী সংস্থা সমূহকে এ্যাক্রেডিটেশন সনদ প্রদান | ধাপ ১: আবেদনপত্র গ্রহণের পর যাচাইপূর্বক রেজিস্ট্রেশন ও কেইস অফিসার নিয়োগ প্রদান | ১. যথাযথভাবে পূরণকৃত আবেদন পত্র (AF ০৩-সনদ প্রদানকারী সংস্থা)।<br>২. আবেদন পত্রানুযায়ী চাহিত কাগজ পত্রাদি।<br>**প্রাপ্তি স্থান:** বিএবি'র ওয়েবসাইট এবং কার্যালয়। | আবেদন ফি প্রতি ক্ষেত্রের জন্য ২৫,০০০/-(পঁচিশ হাজার টাকা)।<br>সেবার মূল্য এ্যাক্রেডিটেশন ফি সিডিউল (এসপি ০২) অনুসারে ধার্য করা হয়।<br>বিএবি'র অনুকূলে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট/ ক্রস চেক এর মাধ্যমে পরিশোধ করতে হয়।<br>সকল সেবার মূল্যে ১৫% ভ্যাট প্রযোজ্য। | মোট ২১০ দিন (০৭ মাস)<br>ধাপ ১: আবেদন প্রাপ্তির পর ০৩ (তিন) কার্যদিবস | জনাব মোঃ সালাউদ্দিন খান মিলন অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর গ্রহণ/প্রেরণ শাখা<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২১<br>info@bab.gov.bd |
| | | ধাপ ২: এ্যাডিকোয়েসি অডিট/ পর্যাপ্ততা যাচাইকরন | | | ধাপ ২: ০৫ (পাঁচ) কার্যদিবস | কেইস অফিসার/টিম লিডার<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩<br>info@bab.gov.bd |
| | | ধাপ ৩: অ্যাসেসমেন্ট টিম কর্তৃক আবেদনকারী প্রতিষ্ঠানে প্রি অ্যাসেসমেন্ট সম্পন্নকরণ | | | ধাপ ৩: ৯০ (নব্বই) দিন | কেইস অফিসার, টিম লিডার/ অ্যাসেসমেন্ট টিম<br>ফোন: ৯৫১৩২২৩<br>info@bab.gov.bd |
| | | ধাপ ৪: অ্যাসেসমেন্ট টিম কর্তৃক আবেদনকারী প্রতিষ্ঠানে অ্যাসেসমেন্ট সম্পন্নকরণ | | | ধাপ ৪: ৯০ (নব্বই) দিন | কেইস অফিসার, টিম লিডার/ অ্যাসেসমেন্ট টিম<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩<br>info@bab.gov.bd |
| | | ধাপ ৫: এ্যাক্রেডিটেশন কমিটি কর্তৃক অ্যাসেসমেন্ট প্রতিবেদন পর্যালোচনা ও এ্যাক্রেডিটেশনের চূড়ান্ত মূল্যায়ন | | | ধাপ ৫: ১৫ (পনের) কার্যদিবস | কেইস অফিসার ও এ্যাক্রেডিটেশন কমিটি<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩<br>info@bab.gov.bd |
| | | ধাপ ৬: এ্যাক্রেডিটেশন কমিটির সুপারিশের ভিত্তিতে এ্যাক্রেডিটেশন সনদ স্বাক্ষর এবং বিএবি ওয়েব সাইটে প্রদর্শন | | | ধাপ ৬: ০৭ (সাত) কার্যদিবস | মহাপরিচালক ও কেইস অফিসার<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২১<br>info@bab.gov.bd |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৪ | টেকসই ও পরিবেশবান্ধব শিল্পায়ন, রপ্তানি বাণিজ্য সম্প্রসারন, জাতীয় গুণগত মান অবকাঠামো উন্নয়ন, এবং আন্তর্জাতিক স্বীকৃতির উদ্দেশ্যে পরিদর্শন সংস্থা সমূহকে এ্যাক্রেডিটেশন সনদ প্রদান | ধাপ ১: আবেদনপত্র গ্রহণের পর যাচাইপূর্বক রেজিস্ট্রেশন ও কেইস অফিসার নিয়োগ প্রদান | ১. যথাযথভাবে পূরণকৃত আবেদন পত্র (এফ ০৪-পরিদর্শন সংস্থা)<br>২. আবেদন পত্রানুযায়ী চাহিত কাগজ পত্রাদি।<br><br>**প্রাপ্তিস্থান:**<br>বিএবি'র ওয়েবসাইট এবং কার্যালয়। | আবেদন ফি প্রতি ক্ষেত্রের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা)।<br><br>সেবার মূল্য এ্যাক্রেডিটেশন ফি সিডিউল (এসপি ০৪) অনুসারে ধার্য করা হয় ।<br><br>বিএবি'র অনুকুলে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট/ ক্রস চেক এর মাধ্যমে পরিশোধ করতে হয়।<br><br>সকল সেবার মুল্যে ১৫% ভ্যাট প্রযোজ্য। | মোট ২১০ দিন (০৭ মাস)<br>ধাপ ১: আবেদন প্রাপ্তির পর ০৩ (তিন) কার্যদিবস | জনাব মোঃ সালাউদ্দিন খান মিলন<br>অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর গ্রহণ/প্রেরণ শাখা<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২১<br>info@bab.gov.bd |
| | | ধাপ ২: এ্যাডিকোয়েসি অডিট/ পর্যাপ্ততা যাচাইকরন | | | ধাপ ২: ০৫ (পাঁচ) কার্যদিবস | কেইস অফিসার/টিম লিডার<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩<br>info@bab.gov.bd |
| | | ধাপ ৩: অ্যাসেসমেন্ট টিম কর্তৃক আবেদনকারী প্রতিষ্ঠানে প্রি অ্যাসেসমেন্ট সম্পন্নকরণ | | | ধাপ ৩: ৯০ (নব্বই) দিন | কেইস অফিসার, টিম লিডার/ অ্যাসেসমেন্ট টিম<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩<br>info@bab.gov.bd |
| | | ধাপ ৪: অ্যাসেসমেন্ট টিম কর্তৃক আবেদনকারী প্রতিষ্ঠানে অ্যাসেসমেন্ট সম্পন্নকরণ | | | ধাপ ৪: ৯০ (নব্বই) দিন | কেইস অফিসার, টিম লিডার/ অ্যাসেসমেন্ট টিম<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩<br>info@bab.gov.bd |
| | | ধাপ ৫: এ্যাক্রেডিটেশন কমিটি কর্তৃক অ্যাসেসমেন্ট প্রতিবেদন পর্যালোচনা ও এ্যাক্রেডিটেশনের চূড়ান্ত মূল্যায়ন | | | ধাপ ৫: ১৫ (পনের) কার্যদিবস | কেইস অফিসার ও এ্যাক্রেডিটেশন কমিটি<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩<br>info@bab.gov.bd |
| | | ধাপ ৬: এ্যাক্রেডিটেশন কমিটির সুপারিশের ভিত্তিতে এ্যাক্রেডিটেশন সনদ স্বাক্ষর এবং বিএবি ওয়েব সাইটে প্রদর্শন | | | ধাপ ৬: ০৭ (সাত) কার্যদিবস | মহাপরিচালক ও কেইস অফিসার<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২১<br>info@bab.gov.bd |
| ০৫ | টেকসই ও পরিবেশবান্ধব শিল্পায়ন, রপ্তানি বাণিজ্য সম্প্রসারন, জাতীয় গুণগত মান অবকাঠামো উন্নয়ন, এবং আন্তর্জাতিক স্বীকৃতির উদ্দেশ্যে টেস্টিং ও ক্যালিব্রেশন ল্যাবরেটরি সমূহকে এ্যাক্রেডিটেশন সনদ নবায়ন | ধাপ ১: আবেদনপত্র গ্রহণের পর যাচাইপূর্বক রেজিস্ট্রেশন ও কেইস অফিসারের নিকট প্রেরণ। | ১. যথাযথভাবে পূরণকৃত আবেদন পত্র (এফ ০১-টেস্টিং/ ক্যালিব্রেশন ল্যাবরেটরি)<br>২. আবেদন পত্রানুযায়ী চাহিত কাগজ পত্রাদি।<br><br>**প্রাপ্তিস্থান:**<br>বিএবি'র ওয়েবসাইট এবং কার্যালয়। | বিএবি'র অনুকুলে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট/ ক্রস চেক এর মাধ্যমে পরিশোধ করতে হয়।<br><br>সকল সেবার মুল্যে ১৫% ভ্যাট প্রযোজ্য। | মোট ১১৫ দিন/কার্যদিবস<br>ধাপ ১: আবেদন প্রাপ্তির পর ০৩ (তিন) কার্যদিবস | জনাব মোঃ সালাউদ্দিন খান মিলন<br>অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর গ্রহণ/প্রেরণ শাখা<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২১<br>info@bab.gov.bd |
| | | ধাপ ২: আবেদনকারী প্রতিষ্ঠানে রি-অ্যাসেসমেন্ট সম্পন্নকরণ | | | ধাপ ২: ৯০ (নব্বই) দিন | কেইস অফিসার, টিম লিডার/ অ্যাসেসমেন্ট টিম<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩<br>info@bab.gov.bd |
| | | ধাপ ৩: এ্যাক্রেডিটেশন কমিটি কর্তৃক রি-অ্যাসেসমেন্ট প্রতিবেদন পর্যালোচনা ও এ্যাক্রেডিটেশনের নবায়নের চূড়ান্ত মূল্যায়ন | | | ধাপ ৩: ১৫ (পনের) কার্যদিবস | কেইস অফিসার ও এ্যাক্রেডিটেশন কমিটি<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩<br>info@bab.gov.bd |
| | | ধাপ ৪: এ্যাক্রেডিটেশন কমিটির সুপারিশের ভিত্তিতে এ্যাক্রেডিটেশন নবায়নের সনদ স্বাক্ষর ও বিএবি ওয়েব সাইটে প্রদর্শন | | | ধাপ ৪: ০৭ (সাত) কার্যদিবস | কেইস অফিসার ও মহাপরিচালক<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২১<br>info@bab.gov.bd |
| ০৬ | জাতীয় গুণগত মান অবকাঠামো উন্নয়ন, নিরাপদ স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে সহায়তা এবং আন্তর্জাতিক স্বীকৃতির উদ্দেশ্যে মেডিকেল ল্যাবরেটরি সমূহকে এ্যাক্রেডিটেশন সনদ নবায়ন | ধাপ ১: আবেদনপত্র গ্রহণের পর যাচাইপূর্বক রেজিস্ট্রেশন ও কেইস অফিসারের নিকট প্রেরণ। | ১. যথাযথভাবে পূরণকৃত আবেদন পত্র (এফ ০২-মেডিকেল ল্যাবরেটরি)।<br>২. আবেদন পত্রানুযায়ী চাহিত কাগজ পত্রাদি।<br><br>**প্রাপ্তিস্থান:**<br>বিএবি'র ওয়েবসাইট এবং কার্যালয়। | আবেদন ফি প্রতি ক্ষেত্রের জন্য ২০,০০০/- (বিশ হাজার টাকা)।<br><br>সেবার মূল্য এ্যাক্রেডিটেশন ফি সিডিউল (এসপি ০২) অনুসারে ধার্য করা হয় ।<br><br>বিএবি'র অনুকুলে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট/ ক্রস চেক এর মাধ্যমে পরিশোধ করতে হয়।<br><br>সকল সেবার মুল্যে ১৫% ভ্যাট প্রযোজ্য। | মোট ১১৫ দিন/কার্যদিবস<br>ধাপ ১: আবেদন প্রাপ্তির পর ০৩ (তিন) কার্যদিবস | জনাব মোঃ সালাউদ্দিন খান মিলন<br>অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর গ্রহণ/প্রেরণ শাখা<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২১<br>info@bab.gov.bd |
| | | ধাপ ২: আবেদনকারী প্রতিষ্ঠানে রি-অ্যাসেসমেন্ট সম্পন্নকরণ | | | ধাপ ২: ৯০ (নব্বই) দিন | কেইস অফিসার, টিম লিডার/ অ্যাসেসমেন্ট টিম<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩<br>info@bab.gov.bd |
| | | ধাপ ৩: এ্যাক্রেডিটেশন কমিটি কর্তৃক রি-অ্যাসেসমেন্ট প্রতিবেদন পর্যালোচনা ও এ্যাক্রেডিটেশনের নবায়নের চূড়ান্ত মূল্যায়ন | | | ধাপ ৩: ১৫ (পনের) কার্যদিবস | কেইস অফিসার ও এ্যাক্রেডিটেশন কমিটি<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩<br>info@bab.gov.bd |
| | | ধাপ ৪: এ্যাক্রেডিটেশন কমিটির সুপারিশের ভিত্তিতে এ্যাক্রেডিটেশন নবায়নের সনদ স্বাক্ষর ও বিএবি ওয়েব সাইটে প্রদর্শন (বিএবি'র ওয়েবসাইটে আপলোডকরণ) | | | ধাপ ৪: ০৭ (সাত) কার্যদিবস | কেইস অফিসার ও মহাপরিচালক<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩<br>info@bab.gov.bd |
| ০৭ | টেকসই ও পরিবেশবান্ধব শিল্পায়ন, রপ্তানি বাণিজ্য সম্প্রসারন, জাতীয় গুণগত মান অবকাঠামো উন্নয়ন, এবং আন্তর্জাতিক স্বীকৃতির উদ্দেশ্যে সনদ প্রদানকারী সংস্থাসমূহকে এ্যাক্রেডিটেশন সনদ নবায়ন | ধাপ ১: আবেদনপত্র গ্রহণের পর যাচাইপূর্বক রেজিস্ট্রেশন ও কেইস অফিসারের নিকট প্রেরণ। | ১. যথাযথভাবে পূরণকৃত আবেদন পত্র (এফ ০৩-সনদ প্রদানকারী সংস্থা)।<br>২. আবেদন পত্রানুযায়ী চাহিত কাগজ পত্রাদি।<br><br>**প্রাপ্তিস্থান:**<br>বিএবি'র ওয়েবসাইট এবং কার্যালয়। | আবেদন ফি প্রতি ক্ষেত্রের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা)।<br><br>সেবার মূল্য এ্যাক্রেডিটেশন ফি সিডিউল (এসপি ০৪) অনুসারে ধার্য করা হয় ।<br><br>বিএবি'র অনুকুলে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট/ ক্রস চেক এর মাধ্যমে পরিশোধ করতে হয়।<br><br>সকল সেবার মুল্যে ১৫% ভ্যাট প্রযোজ্য। | মোট ১১৫ দিন/কার্যদিবস<br>ধাপ ১: আবেদন প্রাপ্তির পর ০৩ (তিন) কার্যদিবস | জনাব মোঃ সালাউদ্দিন খান মিলন<br>অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর গ্রহণ/প্রেরণ শাখা<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২১<br>info@bab.gov.bd |
| | | ধাপ ২: আবেদনকারী প্রতিষ্ঠানে রি-অ্যাসেসমেন্ট সম্পন্নকরণ | | | ধাপ ২: ৯০ (নব্বই) দিন | কেইস অফিসার, টিম লিডার/ অ্যাসেসমেন্ট টিম<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩<br>info@bab.gov.bd |
| | | ধাপ ৩: এ্যাক্রেডিটেশন কমিটি কর্তৃক রি-অ্যাসেসমেন্ট প্রতিবেদন পর্যালোচনা ও এ্যাক্রেডিটেশনের নবায়নের চূড়ান্ড় মূল্যায়ন | | | ধাপ ৩: ১৫ (পনের) কার্যদিবস | কেইস অফিসার ও এ্যাক্রেডিটেশন কমিটি<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩<br>info@bab.gov.bd |
| | | ধাপ ৪: এ্যাক্রেডিটেশন কমিটির সুপারিশের ভিত্তিতে এ্যাক্রেডিটেশন নবায়নের সনদ স্বাক্ষর ও বিএবি ওয়েব সাইটে প্রদর্শন | | | ধাপ ৪: ০৭ (সাত) কার্যদিবস | কেইস অফিসার ও মহাপরিচালক<br>ফোন: +৮৮-০২-৯৫১৩২২১<br>info@bab.gov.bd |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৮ | টেকসই ও পরিবেশবান্ধব শিল্পায়ন, রপ্তানি বাণিজ্য সম্প্রসারন, জাতীয় গুণগত মান অবকাঠামো উন্নয়ন, এবং আন্তর্জাতিক স্বীকৃতির উদ্দেশ্যে পরিদর্শন সংস্থাসমূহকে এ্যাক্রেডিটেশন সনদ নবায়ন | ধাপ ১: আবেদনপত্র গ্রহণের পর যাচাইপূর্বক রেজিস্ট্রেশন ও কেইস অফিসারের নিকট প্রেরণ।<br>ধাপ ২: আবেদনকারী প্রতিষ্ঠানে রি-অ্যাসেসমেন্ট সম্পন্নকরণ<br>ধাপ ৩: এ্যাক্রেডিটেশন কমিটি কর্তৃক রি-অ্যাসেসমেন্ট প্রতিবেদন পর্যালোচনা ও এ্যাক্রেডিটেশনের নবায়নের চূড়ান্ত মূল্যায়ন<br>ধাপ ৪: এ্যাক্রেডিটেশন কমিটির সুপারিশের ভিত্তিতে এ্যাক্রেডিটেশন নবায়নের সনদ স্বাক্ষর ও বিএবি ওয়েব সাইটে প্রদর্শন | ১. যথাযথভাবে পূরণকৃত আবেদন পত্র (এফ ০৪-পরিদর্শন সংস্থা)<br>২. আবেদন পত্রানুযায়ী চাহিত কাগজ পত্রাদি।<br>**প্রাপ্তিস্থান:**<br>বিএবি'র ওয়েবসাইট এবং কার্যালয়। | আবেদন ফি প্রতি ক্ষেত্রের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা)।<br>সেবার মূল্য এ্যাক্রেডিটেশন ফি সিডিউল (এসপি ০৪) অনুসারে ধার্য করা হয়।<br>বিএবি'র অনুকুলে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট/ ক্রস চেক এর মাধ্যমে পরিশোধ করতে হয়।<br>সকল সেবার মূল্যে ১৫% ভ্যাট প্রযোজ্য। | মোট ১১৫ দিন/কার্যদিবস ধাপ ১: আবেদন প্রাপ্তির পর ০৩ (তিন) কার্যদিবস<br>ধাপ ২: ৯০ (নব্বই) দিন<br>ধাপ ৩: ১৫ (পনের) কার্যদিবস<br>ধাপ ৪: ০৭ (সাত) কার্যদিবস | জনাব মোঃ সালাউদ্দিন খান মিলন অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর গ্রহণ/প্রেরণ শাখা ফোন: +৮৮-০২-৯৫১৩২২১ info@bab.gov.bd<br>কেইস অফিসার, টিম লিডার/ অ্যাসেসমেন্ট টিম ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩ info@bab.gov.bd<br>কেইস অফিসার ও এ্যাক্রেডিটেশন কমিটি ফোন: +৮৮-০২-৯৫১৩২২৩ info@bab.gov.bd<br>কেইস অফিসার ও মহাপরিচালক ফোন: +৮৮-০২-৯৫১৩২২১ info@bab.gov.bd |
| ০৯ | বিএবি'র অ্যাসেসর পুল গঠনের লক্ষ্যে জাতীয় গুণগত মান ব্যবস্থা প্রতিষ্ঠার সাথে সংশ্লিষ্ট তরুণসহ অন্যান্য কারিগরি ব্যক্তিদের অ্যাসেসর প্রশিক্ষণ প্রদান ০৫ (পাঁচ) দিন ব্যাপী | কোর্সে সরাসরি অংশগ্রহণ<br>১) অনলাইনে নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিল<br>২) বিএবি হতে কনফার্মেশন<br>৩) নির্ধারিত ফি প্রদান<br>৪) কোর্সে নিয়মিত অংশগ্রহণ<br>৫) সনদ গ্রহণ | ১) অনলাইনে নির্ধারিত ফরমে আবেদন (টিএফ ০২)<br>২) চালান কপি<br>**প্রাপ্তিস্থান:**<br>বিএবি'র ওয়েবসাইট। | ১) বিএবি'র অনুকুলে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট/ ক্রস চেক এর মাধ্যমে পরিশোধ করতে হয়।<br>২) পে-অর্ডার ও চালানের কপি বিএবি'র অফিস বরাবর দাখিল | ০৫ (পাঁচ) দিন | জনাব মোঃ তৌহিদুর রহমান উপপরিচালক ফোন: +৮৮-০২-২৩৩৫৬০৯২ towhid@bab.gov.bd |
| ১০ | বিএবি'র অ্যাসেসর পুলের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে জাতীয় গুণগত মান ব্যবস্থা প্রতিষ্ঠার সাথে সংশ্লিষ্ট তরুণসহ অন্যান্য কারিগরি ব্যক্তিদের টেকনিক্যাল প্রশিক্ষণ প্রদান ২/৩ দিন ব্যাপী | কোর্সে সরাসরি অংশগ্রহণ<br>১) অনলাইনে নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিল<br>২) বিএবি হতে কনফার্মেশন<br>৩) নির্ধারিত ফি প্রদান<br>৪) কোর্সে নিয়মিত অংশগ্রহণ<br>৫) সনদ গ্রহণ | ১) অনলাইনে নির্ধারিত ফরমে আবেদন (টিএফ ০২)<br>২) চালান কপি<br>**প্রাপ্তিস্থান:**<br>বিএবি'র ওয়েবসাইট। | আবেদন ফি দুই দিন মেয়াদি কোর্সের জন্য ৪০০০/- (চার হাজার টাকা) ও তিন দিন মেয়াদি কোর্সের জন্য হলে ৬০০০/- (ছয় হাজার টাকা) সকল সেবার মূল্যে ১৫% ভ্যাট প্রযোজ্য।<br>১) বিএবি'র অনুকুলে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট/ ক্রস চেক এর মাধ্যমে পরিশোধ করতে হয়।<br>২) পে-অর্ডার ও চালানের কপি বিএবি'র অফিস বরাবর দাখিল | ০২ (দুই) দিন<br>০৩ (তিন) দিন | জনাব মোঃ তৌহিদুর রহমান উপপরিচালক ফোন: +৮৮-০২-২৩৩৫৬০৯২ towhid@bab.gov.bd |
| ১১ | রিফ্রেশার কোর্স আয়োজন ১/২ দিন ব্যাপী | কোর্সে সরাসরি অংশগ্রহণ<br>১) অনলাইনে নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিল<br>২) বিএবি হতে কনফার্মেশন<br>৩) নির্ধারিত ফি প্রদান<br>৪) কোর্সে নিয়মিত অংশগ্রহণ<br>৫) সনদ গ্রহণ | ১) অনলাইনে নির্ধারিত ফরমে আবেদন (টিএফ ০২)<br>**প্রাপ্তিস্থান:**<br>বিএবি'র ওয়েবসাইট। | বিনামূল্যে | ০১ (এক) দিন<br>০২ (দুই) দিন | জনাব মোঃ তৌহিদুর রহমান উপপরিচালক ফোন: +৮৮-০২-২৩৩৫৬০৯২ towhid@bab.gov.bd |
| ১২ | বিএবি'র অ্যাসেসর পুলের সদস্যদের এ্যাক্রেডিটেশন সংক্রান্ত হালনাগাদ তথ্যাদির ওপর রিফ্রেশার কোর্স আয়োজন ১/২/৩ দিন ব্যাপী | ১. ব্যক্তি/প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা রেজিস্ট্রারভুক্ত করবেন।<br>২. প্রাপ্ত অভিযোগ পর্যালোচনান্তে বিএবি'র অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি অনুযায়ী অভিযোগ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৩. অভিযোগকারীকে সিদ্ধান্ত জানাবেন। | অভিযোগ সংক্রান্ত আবেদন দাখিল করতে হবে।<br>**প্রাপ্তিস্থানঃ**<br>(১) বিএবি'র দায়িতপ্রাপ্ত কর্মকর্তা<br>(২) বিএবি'র ওয়েবসাইট | বিনামূল্যে | ৩০ কার্যদিবস | জিআরএস ফোকাল পয়েন্ট জনাব মোঃ নাসিরুল ইসলাম পরিচালক ফোন: +৮৮-০২-৯৫১৩২২৪ nasir@bab.gov.bd |
| ১৩ | তথ্য অধিকার আইনের আওতায় তথ্য প্রদান | পত্র জারির মাধ্যমে/যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক ই-মেইলে | নির্ধারিত ফরমে আবেদন দাখিল করতে হবে<br>**প্রাপ্তিস্থানঃ**<br>(১) বিএবি'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা<br>(২) বিএবি'র ওয়েবসাইট | তথ্য অধিকার আইন ২০০৯ এ বর্ণিত সরকারি ফি | ৫ কার্যদিবস | ৫ কার্য দিবস মোঃ নাসিরুল ইসলাম পরিচালক ফোন: +৮৮-০২-৯৫১৩২২৪ nasir@bab.gov.bd |

## ২.০ বোর্ডের জনবল

মহাপরিচালক, বিএবি প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন। বিএবি'র দাপ্তরিক কাজের সহায়তা প্রদানের জন্য দুই জন পরিচালক, পাঁচ জন উপপরিচালক ও নয় জন সহকারী পরিচালক সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভূক্ত রয়েছে। বোর্ডের মোট অনুমোদিত জনবল ৩৭ জন।

বোর্ডের বিভাগ ও শাখা সমূহ নিম্নরূপ ঃ


**২.১ প্রশাসন ও অর্থ এবং সনদ প্রদানকারী সংস্থা**

ক. প্রশাসন ও অর্থ শাখা
খ. প্রশিক্ষণ শাখা
গ. আইসিটি শাখা
ঘ. সাধারণ সেবা
ঙ. সনদ প্রদানকারী সংস্থা শাখা

**২.২ কারিগরি সেবা**

ক. টেস্টিং ও ক্যালিব্রেশন এ্যাক্রেডিটেশন শাখা
খ. মেডিকেল ল্যাব ও প্রফিসিয়েন্সি টেস্টিং এ্যাক্রেডিটেশন শাখা
গ. ইন্সপেকশন
ও রেফারেন্স ম্যাটেরিয়াল উৎপাদনকারী সংস্থা এ্যাক্রেডিটেশন শাখা
ঘ. আন্তর্জাতিক যোগাযোগ ও কারিগরি ডকুমেন্ট মূল্যায়ন শাখা

## ৩.০ সাংগঠনিক কাঠামো




## ৪.০ বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস উদযাপন

বিশ্বব্যাপী প্রতিবছর ৯ জুন 'বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস' উদযাপিত হয়ে থাকে। এ্যাক্রেডিটেশনকে দেশের অভ্যন্তরে ব্যাপকভাবে পরিচিতকরণের লক্ষ্যে বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) প্রতিবছর 'গ' ক্যাটাগরিভুক্ত জাতীয় দিবস হিসেবে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন করে আসছে। এরই ধারাবাহিকতায় গত ০৯ জুন 'বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস ২০২৪' উপলক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব জাকিয়া সুলতানার নেতৃত্বে এক বর্ণাঢ্য র‍্যালি অনুষ্ঠিত হয়। এর আগে রঙিন বেলুন উড়িয়ে শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব 'বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস' এর কার্যক্রমের শুভ উদ্বোধন করেন। এ বছর দিবসটির প্রতিপাদ্য নির্ধারণ করা হয়- "Accreditation: Empowering Tomorrow and Shaping the Future"। দিবসটি উদযাপনের অংশ হিসেবে বিএবি একটি ক্রোড়পত্র প্রকাশ করে। দিবসটির তাৎপর্য তুলে ধরে বাংলাদেশ টেলিভিশন একটি প্রামাণ্যচিত্র সম্প্রচার করেছে।

বিএবি'র  মহাপরিচালক জনাব মুঃ আনোয়ারুল আলম এর নেতৃত্বে র‍্যালিটি শিল্প মন্ত্রণালয় ভবন থেকে শুরু করে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স (বক চত্বর), জনতা ভবন (জনতা ব্যাংক প্রধান কার্যালয়) এর সামনে দিয়ে মতিঝিল রোড ও মেসার্স পুবালী ফিলিং স্টেশন (মতিঝিল পেট্রোল পাম্প) হয়ে শিল্প মন্ত্রণালয় ভবনে শেষ হয়। এতে শিল্প মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের ঊর্ধ্বতন কর্মকর্তা, বিএবির কর্মকর্তাগণ, এ্যাক্রেডিটেড প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ, গুনগতমান ব্যবস্থাপনার সাথে জড়িত ব্যক্তিবর্গ, এ্যাক্রেডিটেশন ব্যক্তিত্ব, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, সাংবাদিকসহ বিভিন্ন অংশীজন অংশগ্রহণ করেন।

বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) "বাংলাদেশ এ্যাক্রেডিটেশন আইন, ২০০৬" অনুযায়ী প্রতিষ্ঠিত হয়। জাতীয় এ্যাক্রেডিটেশন কর্তৃপক্ষ হিসাবে জাতীয় মান অবকাঠামো ও সাজুয্য নিরূপণ পদ্ধতির উন্নয়ন, দেশীয় পণ্য ও সেবার মানোন্নয়ন, ভোক্তা অধিকার প্রতিষ্ঠায় সহায়তা প্রদান, আমদানিকৃত পণ্যের মান নিয়ন্ত্রনে সহায়তা প্রদান এবং রপ্তানি বাণিজ্য সম্প্রসারণ তথা দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে কার্যকরী ভূমিকা পালন করে চলছে।

বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) এর কার্যক্রমের আন্তর্জাতিক স্বীকৃতিস্বরূপ টেস্টিং, ক্যালিব্রেশন, মেজিক্যাল ল্যাবরেটরি এবং পরিদর্শন ক্ষেত্রে এশিয়া প্যাসিফিক এ্যাক্রেডিটেশন কো-অপারেশন (APAC) ও আন্তর্জাতিক ল্যাবরেটরি এ্যাক্রেডিটেশন কো-অপারেশন (ILAC) এর পূর্ণ সদস্যপদ অর্জন করেছে। ২০১৫ সালে বিএবি প্রতিষ্ঠান দুটির সাথে Mutual Recognition Arrangement (MRA) স্বাক্ষর করেছে। ফলে আঞ্চলিক ও আন্তর্জাতিক পরিমন্ডলে বিএবি'র সার্বিক কার্যক্রম স্বীকৃতি ও গ্রহণযোগ্যতা অর্জন করেছে যা আন্তর্জাতিক বাণিজ্যে কারিগরি বাধা (TBT) অপসারণের মাধ্যমে দেশীয় পণ্যের রপ্তানি বাণিজ্য প্রসারে সহায়তা করছে।



*'বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস ২০২৪' উদপাদন উপলক্ষ্যে বেলুন উড়িয়ে কর্মসূচি উদ্বোধন করেন শিল্প মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব জনাব জাকিয়া সুলতানা।*




*বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস ২০২৪ উপলক্ষ্যে আয়োজিত বর্ণাঢ্য র‍্যালি।*

## ৫.০ এ্যাক্রেডিটেড প্রতিষ্ঠান পরিদর্শন

বিএবি'র শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নের অংশ হিসেবে দপ্তরের কার্যক্রমে স্বচ্ছতা ও গতি বৃদ্ধির লক্ষ্যে বিএবি'র  মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুঃ আনোয়ারুল আলম এর নেতৃত্বে একটি টীম গত ৩ মার্চ ২০২৪ খ্রিঃ তারিখে SGS Bangladesh Ltd., ঢাকা ল্যাবরেটরি পরিদর্শন করেন।




*বিএবি'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মু: আনোয়ারুল আলম গত ০৩ মার্চ ২০২৪ খ্রি: তারিখে SGS Bangladesh Ltd, ঢাকা ল্যাবরেটরি পরিদর্শন করেন।*

### Central Effluent Treatment Plant (CETP), সাভার পরিদর্শন

শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) এর Central Effluent Treatment Plant (CETP), সাভার, ঢাকা এর পরীক্ষাগারের এ্যাক্রেডিটেশন প্রস্তুতি যাচাইয়ের লক্ষ্যে বিএবি'র পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব মোঃ মাহবুবুর রহমান এর নেতৃত্বে তিন সদস্য বিশিষ্ট একটি কারিগরি দল গত ২৬ এপ্রিল ২০২৪ খ্রি: তারিখে সরেজমিনে পরীক্ষাগার পরিদর্শন এবং কর্মকর্তাদের সাথে এ্যাক্রেডিটেশন বিষয়ে মতবিনিময় করেন।



*Central Effluent Treatment Plant (CETP), সাভার, ঢাকা এর পরীক্ষাগার পরিদর্শনে বিএবি'র কারিগরি দল।*

## ৬.০ আন্তর্জাতিক স্বীকৃতি

বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড ২০১৫ সালে Asia Pacific Accreditation Cooperation (APAC) এর পূর্ণ সদস্যপদ সহ APAC-Mutual Recognition Arrangement (MRA) স্বাক্ষর করে। একই বছর International Laboratory Accreditation Cooperation (ILAC) এর পূর্ণ সদস্যপদ লাভ করা সহ পরীক্ষণ ও ক্যালিব্রেশনের জন্য ILAC-MRA অর্জন করে। ২০১৯ সালে বিএবি উক্ত প্রতিষ্ঠান ২টির সাথে মেডিকেল ও পরিদর্শনের জন্য Mutual Recognition Arrangement (MRA) স্বাক্ষর করে। প্রতি চার বছর পর পর APAC কর্তৃক গঠিত বিভিন্ন দেশের বিশেষজ্ঞদের সমন্বয়ে APAC Peer Evaluation কমিটির মূল্যায়নের মাধ্যমে এ আন্তর্জাতিক স্বীকৃতি রক্ষা করা হয়। সম্প্রতি ১৪-১৮ নভেম্বর ২০২২ খ্রি. তারিখে আমেরিকা, চীন, থাইল্যান্ড ও ফিলিপাইন এর এ্যাক্রেডিটেশন বিষয়ক বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত কমিটির মূল্যায়নের ভিত্তিতে পরীক্ষণ, ক্যালিব্রেশন, মেডিকেল ও পরিদর্শনের জন্য Mutual Recognition Arrangement (MRA) নবায়ন সম্পন্ন হয়েছে।




## ৭.০ প্রশিক্ষণ কোর্স আয়োজনঃ

### ISO/IEC ১৭০২৫:২০১৭-এর ওপর ৪৭তম আন্ডারস্ট্যান্ডিং প্রশিক্ষণ কোর্স

বিএবি গত ৩-৫ জুলাই ২০২৩ তারিখে ঢাকায় "ISO/IEC ১৭০২৫:২০১৭-এর ওপর ৪৭তম আন্ডারস্ট্যান্ডিং প্রশিক্ষণ কোর্স" আয়োজন করে। তিন দিনব্যাপী এই প্রশিক্ষণ কর্মসূচিতে টেস্টিং এবং ক্যালিব্রেশনের ক্ষেত্রে কর্মরত বিভিন্ন বেসরকারি এবং সরকারি প্রতিষ্ঠানের মোট ৪৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।



### ISO/IEC ১৭০২৫:২০১৭-এর ওপর ৪৮তম আন্ডারস্ট্যান্ডিং প্রশিক্ষণ কোর্স

বিএবি গত ৯-১১ জুলাই ২০২৩ তারিখে ঢাকায় "ISO/IEC ১৭০২৫:২০১৭-এর ওপর ৪৮তম আন্ডারস্ট্যান্ডিং প্রশিক্ষণ কোর্স" আয়োজন করে। তিন দিনব্যাপী এই প্রশিক্ষণ কর্মসূচিতে টেস্টিং এবং ক্যালিব্রেশনের ক্ষেত্রে কর্মরত বিভিন্ন বেসরকারি এবং সরকারি প্রতিষ্ঠানের মোট ৪৪ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।



### ISO/IEC ১৭০২৫:২০১৭-এর ওপর ৪৯ তম আন্ডারস্ট্যান্ডিং প্রশিক্ষণ কোর্স

বিএবি বিগত ২৭-২৯ ফেব্রুয়ারী ২০২৪ খ্রিঃ তারিখে ঢাকার একটি হোটেলে "ISO/IEC ১৭০২৫:২০১৭ এর ওপর ৪৯তম আন্ডারস্ট্যান্ডিং প্রশিক্ষণ কোর্স" আয়োজন করে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ডের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুঃ আনোয়ারুল আলম।




*আইএসও/আইইসি ১৭০২৫:২০১৭-এর ওপর ৪৯ তম আন্ডারস্ট্যান্ডিং প্রশিক্ষণ কোর্সের অংশগ্রহণকারীদের সাথে বিএবি'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মু: আনোয়ারুল আলম। (২৭-২৯ ফেব্রুয়ারি ২০২৪, গুলশান, ঢাকা)*

অনুষ্ঠানে ঢাকাস্ত ব্রিটিশ হাইকমিশনের প্রতিনিধি এবং ব্রিটিশ স্ট্যান্ডার্ডস ইনস্টিটিউশনের (BSI) প্রতিনিধিগন উপস্থিত ছিলেন। প্রশিক্ষণে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই), পরিবেশ অধিদপ্তর (ডিওই), ট্রেনিং ইনিস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রি (টিআইসিআই) সহ সরকারী ও বেসরকারী গবেষণাগারে কর্মরত ৩৩ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহন করে।

উদ্বোধনী অনুষ্ঠানে বিএবির মহাপরিচালক রপ্তানি বাণিজ্যে এ্যাক্রেডিটেশনের গুরুত্ব তুলে ধরেন। তিনি আরও বলেন যে, বাণিজ্যে কারগরি বাধা অপসারণের মাধ্যমে রপ্তানি সম্প্রসারণ; নিরাপদ খাদ্য সরবরাহ এবং সুস্বাস্থ্য নিশ্চিত করণে এ্যাক্রেডিটেশন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

## ৮.০ ৪ ইন-হাউজ প্রশিক্ষন আয়োজনঃ

২০২৩-২০২৪ অর্থবছরের এপিএ বাস্তবায়নের লক্ষ্যে বিএবি'র কর্মকর্তা ও কর্মচারী ও অংশীজনদের সমন্বয়ে বিএবি কার্যালয়ে নিম্নোল্লেখিত সূচি অনুযায়ে প্রশিক্ষণের আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণে বিএবি'র কর্মকর্তা ও কর্মচারী, বিএবি'র সংশ্লিষ্ট অ্যাসেসরবৃন্দ ও এ্যাক্রেডিটেড প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

| তারিখ ও সময় | প্রশিক্ষণের বিষয় |
|---|---|
| ২৪ সেপ্টেম্বর ২০২৩<br>সকাল ১০:০০-বিকাল ০৪:০০ | NIS ও GRS |
| ২৫ সেপ্টেম্বর ২০২৩<br>সকাল ১০:০০-বিকাল ০৪:০০ | বিএবি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি |
| ২৭ সেপ্টেম্বর ২০২৩<br>সকাল ১০:০০-বিকাল ০৪:০০ | RTI and Smart Bangladesh |
| ০২/০৬/২০২৪<br>সকাল ১০:০০-বিকাল ০৪:০০ | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ |
| ০৩/০৬/২০২৪<br>সকাল ১০:০০-বিকাল ০৪:০০ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ |
| ০৪/০৬/২০২৪<br>সকাল ১০:০০-বিকাল ০৪:০০ | কর্মকর্তা ও কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও জিআরএস সফটওয়ার বিষয়ক প্রশিক্ষণ |
| ১২/০৬/২০২৪<br>সকাল ১০:০০-বিকাল ০৪:০০ | ই-গভঃ ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ |
| ১৩/০৬/২০২৪<br>সকাল ১০:০০-বিকাল ০৪:০০ | তথ্য অধিকার আইন এর ওপর প্রশিক্ষণ |
| ১৪/০৬/২০২৪<br>সকাল ১০:০০-বিকাল ০৪:০০ | বিএবি'র কর্মপরিবেশ উন্নয়ন এর ওপর প্রশিক্ষণ |
| ২৫/০৬/২০২৪<br>সকাল ১০:০০-বিকাল ০৪:০০ | পরিস্কার-পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যবিধি প্রতিপালনের ওপর প্রশিক্ষণ |

# বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)

## শিল্প মন্ত্রণালয়

৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

### এ্যাক্রেডিটেড প্রতিষ্ঠানের তালিকা

| Sl. No | Name of the CAB | Scope of Accreditation |
|---|---|---|
| | **Testing Laboratory(ISO/IEC 17025)** | |
| 1. | SGS Bangladesh Limited | Textile Testing |
| 2. | Fish Inspection and Quality Control (FIQC) Laboratory, Dhaka | Food Testing |
| 3. | Testing Laboratory, Dysin International Ltd. | Textile Testing |
| 4. | ITS Labtest Bangladesh Ltd.,Dhaka | Textile Testing |
| 5. | Lub-rref (Bangladesh) Ltd. | Petroleum Product Testing |
| 6. | Bureau Veritas Consumer Products Services (Bangladesh) Ltd. | Textile Testing |
| 7. | Fish Inspection and Quality Control (FIQC) Laboratory, Chattogram | Food Testing |
| 8. | Fish Inspection and Quality Control (FIQC) Laboratory, Khulna | Food Testing |
| 1. | Modern Testing Services (Bangladesh) Ltd. | Textile Testing |
| 2. | ITS Labtest Bangladesh Ltd. Chittagong. | Textile Testing |
| 3. | Analytical Chemistry Laboratory, Atomic Energy Centre, Dhaka | Chemical Testing |
| 4. | TÜV SÜD Bangladesh (Pvt.) Ltd | Textile Testing |
| 5. | Bangladesh Material Testing Laboratory, Dhaka | Textile Testing |
| 6. | NUSDAT-UTS, Walton Hi-Tech Industries Limited | Electrical Testing |
| 7. | PRAN Quality Control Laboratory, PRAN Group, Narshingdi | Chemical Testing |
| 8. | LabRight Bangladesh Limited, Dhaka | Textile testing |
| 9. | SGS Food & Agricultural Testing Laboratory, Dhaka | Food Testing |
| 10. | UL VS Bangladesh Ltd. | Textile testing |
| 11. | SGS Bangladesh Limited, Chittagong | Textile Testing |
| 12. | TÜV Rheinland Bangladesh Pvt. Ltd | Textile Testing |
| 13. | Pesticide Analytical Laboratory (PAL), BARI, Gazipur | Chemical testing |
| 14. | GMS Testing Laboratory, Kashimpur, Gazipur | Textile testing |
| 15. | Comfit Lab Services Ltd., 6-th Floor, Green Building, Gorai, Mirzapur, Tangail. | Textile testing |
| 16. | Testing Laboratory, BSTI, Dhaka. | Chemical testing |
| 17. | UP Technology Service (Bangladesh) Co. Ltd. | Textile testing |
| 18. | Institute of National Analytical Research and Services (INARS),BCSIR, Dhaka-1205. | Chemical testing |
| 19. | Urmi Testing Laboratory, Fakhruddin Textile Mills Ltd. | Textile testing |
| 20. | Bangladesh Research and Testing Laboratory, Dhaka | Textile testing |
| 21. | Hohenstein Laboratories Bangladesh Limited | Textile testing |
| 22. | National Food Testing Laboratory | Food Testing |
| 23. | Consumer Testing Laboratories Ltd. | Textile testing |
| 24. | Waffen Research Laboratory, Dhaka | Food Testing |
| 25. | Max Infrastructure Ltd., Quality Testing Laboratory, Rooppur Nuclear Power Plant Site | Construction material testing |
| 26. | ITS Labtest Bangladesh, Gazipur | Textile testing |
| 27. | ITS Labtest Bangladesh,Kabirpur, Ashulia/Savar, Dhaka | Textile testing |
| 28. | Summit Testing & Calibration Laboratory, Narayanganj | Chemical testing |
| 29. | EQMS Consulting Limited (Testing Laboratory) | Chemical testing |
| 30. | Quality Control Laboratory (QC Lab DLS), Department of Livestock Services, Dhaka | Food testing |
| 31. | Geo Chem Consumer Products Services (CPS) Ltd.Dhaka | Textile testing |
| 32. | MNT Seed Testing Lab, Gazipur | Seed Testing |
| 33. | Quality Control Laboratory, Drug International Limited, Gazipur | Pharmaceutical testing |
| 34. | Leather Research Institute (LRI), BCSIR, Nayarhat, Savar | Leather Testing |
| 35. | Continental Inspection Co. (BD) Ltd.,Testing Laboratory, Dhaka | Paper, Food Grain & Fertilizer Testing |
| 36. | Dunlab Ltd., Chattogram | Food Testing |
| 37. | MJL Bangladesh Limited, Chattogram | Petroleum Product Testing |
| 38. | RGL QC Laboratory, Pabna | Electrical |
| 39. | Bangladesh Environmental Engineering Training & Lab Services Limited | |
| 40. | Software Testing Laboratory, AGS Quality Action Limited | Software Testing |

| | | |
|---|---|---|
| 41. | Plant Disease Diagnostic Laboratory (PDDL), Plant Pathology Division,Bangladesh Agricultural Research Institute, Gazipur | Plant Health Testing |
| 42. | QIMA Bangladesh Pvt. Limited | Textile testing |
| 43. | Shahriyar Testing Laboratory (STL) | Textile testing |
| 44. | Echotex Testing Services | Textile testing |
| 45. | Central Laboratory, Divine Fabrics Ltd. | Textile testing |
| 46. | Amber Textile Services Limited, Gazipur | Textile testing |
| 47. | Sreepur QA Lab, Nestlé Bangladesh PLC, | Food Testing |
| 48. | Creative Wash Limited-LAB, Nishat Nagar, Tongi | Textile testing |
| 49. | Fashion Testing Services (Zaber & Zubair Fabric Ltd.) Pagar, Tongi, Gazipur | Textile testing |
| 50. | Luminex Lab, Super Star Electronics ltd., Godnail, Bhuiyan Para, Siddirganj, Narayangonj | Electrical testing |
| 51. | LABTECH LTD. | Textile testing |
| 52. | Quality Assurance Laboratory, Square Food and Beverage Ltd. Pabna | Food Testing |
| 53. | Zaber & Zubair Quality Control Processing Laboratory Pagar, Tongi, Gazipur-1710. | Textile testing |
| 54. | GPHI Quality Control Laboratory Masjiddah, Kumira, Sitakunda, Chattogram, Bangladesh | Steel Testing |
| 55. | Geotextile Testing Lab (GTL)Confidence Infrastructure Ltd., Narayangonj-1411, Bangladesh. | Geotextile Testing |
| 56. | Textile Testing and Consultation Services (TTCS), Bangladesh University of Textiles (BUTEX), Tejgaon, Dhaka, Bangladesh | Textile testing |
| 57. | Bureau Veritas (Bangladesh) Private Limited, Construction Services Laboratory,Hazaribag, Dhanmondi, Dhaka-1209 | Construction Testing |
| 58. | Renaissance Apparels Ltd. Laboratory(RALL), Gazipur | Textile testing |
| 59. | Institute of Technology Transfer and Innovation (ITTI), BCSIR, Dhaka | Food Testing |
| | **List of suspended laboratories** | |
| 60. | Concrete Innovation & Application Centre (CIAC) | Construction material testing |
| 61. | Petromax Refinery Ltd., Mongla | Petroleum Product Testing |
| 62. | Brachi Testing Service (BD) Ltd.,Dhaka | Textile Testing |
| 63. | Qtex Solutions Limited, Testing Laboratory division,Uttara, Dhaka. | Chemical testing |
| 64. | Plasma Plus Application and Research Laboratory, Dhaka | Chemical testing |
| 65. | Norwest Testing Laboratory | Textile Testing |
| 66. | ASM Testing Laboratory, Gazipur | Chemical testing |
| 67. | TTSL, Dhaka | Textile Testing |
| 68. | Max Infrastructure Ltd., Quality Testing Laboratory, Rooppur Nuclear Power Plant Site | Construction material testing |
| 69. | Fakir Testing Services, Dhaka | Textile Testing |
| 70. | Interstoff Apparels Ltd | Textile Testing |
| 71. | Bureau Veritas Consumer Products Services (Chittagong) Ltd. | Textile Testing |
| 72. | Central Laboratory, Samuda Chemical Complex Ltd. | |
| 73. | Quality Control Laboratory (Central Laboratory), Renata Limited, Dhaka | Pharmaceutical testing |
| 74. | Quality Control Laboratory (Potent Product Facility), Renata Limited, Dhaka | Pharmaceutical testing |
| 75. | Testing Laboratory, Impress-Newtex Composite Textiles Limited, Mirzapur, Tangail. | Textile Testing |
| 76. | Premier Testing Laboratory | Textile Testing |
| 77. | National Control Laboratory (NCL) | Chemical testing |
| 78. | 24 Engr. Contr. B De testing Laboratory | Construction material testing |
| 79. | Noman Terry Towel Testing Laboratory, Vawal, Mirzapur | Textile Testing |
| **List of withdrawn laboratories** | | |
| 80. | Quality Control Laboratory, Julphar Bangladesh Ltd., Gazipur | Pharmaceutical testing |
| **Calibration Laboratory(ISO/IEC 17025)** | | |
| 81. | National Metrology Laboratory (NML-BSTI) | Mechanical, Thermal and Electrotechnical |
| 82. | Training Institute for Chemical Industries, Polash, Narshindi | Mechanical |
| 83. | Calibration Laboratory, Dysin International Ltd. | Mechanical, Thermal and Electrotechnical |
| 84. | OTS (Pvt.) Ltd., Dhaka | Mechanical |
| 85. | Instrumentation Engineering Services Ltd., Dhaka | Mechanical, Thermal and Electrotechnical |
| 86. | Resource Instrument & Measurement Enterprise (RIME), Dhaka | Mechanical |
| 87 | SGS Bangladesh Limited, Calibration Lab, Dhaka | Mechanical, Thermal and Electrotechnical |
| 88. | Quality Calibration Solutions (QCS) Private Limited | Mechanical, Thermal and Electrotechnical |
| 89. | Standard Calibration Services (SCS) Private Limited, Mirpur, Dhaka | Mechanical, Thermal and Electrotechnical |

| | | |
|---|---|---|
| 90. | Calibration Laboratory, Biman Bangladesh Airlines Ltd. | Mechanical, Thermal and Electrotechnical |
| 91. | Peerless Calibration Services Ltd. | Mechanical, Thermal and Electrotechnical |
| 92. | CS Lab Limited, Dhaka | Mechanical, Thermal |
| 93. | Summit Testing & Calibration Laboratory, Narayanganj | Mechanical, Electrotechnical |
| 94. | M/s Reveriecalibration lab, Dhaka | Thermal and Electrotechnical |
| 95. | IIS TESTING BD PVT. LTD | Mechanical |
| 96. | ION Engineering (Pvt.) Ltd. | Thermal and Electrotechnical |
| 97. | Megacorp Limited, Dhaka | Mechanical |
| 98. | Eurosia ITC Services Ltd., Dhaka | Mechanical, Thermal |
| 99. | Valitech Lab & Inspection Ltd., Calibration Services, Uttara, Dhaka, Bangladesh | Mechanical |
| 100. | CINTEX CO. UK LTD., Calibration Laboratory, Adabor, Dhaka-1207, Bangladesh | Mechanical |
| 101. | GCL Assessment Services Ltd, Dhaka | Mechanical |
| **Medical Laboratory (ISO 15189)** | | |
| 102. | United Hospital, Pathology Laboratory | Pathological Testing |
| 103. | Labaid Limited, Pathology Laboratory | Pathological Testing |
| 104. | Epic Healthcare, Chattogram | Pathological Testing |
| 105. | Praava Health BD Ltd, Dhaka | Pathological Testing |
| 106. | Laboratory Services, Khwaja Yunus Ali Medical College & Hospital, Sirajganj | Pathological Testing |
| 107. | DMFR Molecular Lab & Diagnostics BD Ltd. | Pathological Testing |
| 108. | Laboratory Services. Ibn Sina Diagnostic & Imaging Center | Pathological Testing |
| **Certification Body (ISO/IEC 17021)** | | |
| 109. | BSTI, Management System Certification Wing, Dhaka | ISO 9001, 14001, 22000 |
| 110. | AGS Quality Action Ltd.Dhaka | ISO 9001, ISO 27001 |
| 111. | United Certification Services Limited, Dhaka | ISO 9001, ISO 27001, ISO 45001, ISO 14001 |
| **Inspection Body (ISO/IEC 17020)** | | |
| | | |
| 112. | Qtex Solutions Limited | Workplace Environment |
| 113. | Envirotech International Ltd, Uttara, Dhaka. | Workplace Environment |
| 114. | National Testing, Calibration & Inspection Ltd | Workplace Environment |
| 115. | ITS Labtest Bangladesh Ltd. (Inspection Division), Dhaka | Textile Products |
| 116. | Bureau Veritas Consumer Products Services (BVCPS) Bangladesh Ltd., Dhaka | Textile Products |
| 117. | Global Environment Consultants Limited | Workplace Environment |
| 118. | GREENBUD Testing and Inspection Services | Workplace Environment |
| 119. | Continental Inspection Co.(BD) Ltd., Dhaka | PSI |
| 120. | Care Line Audit & Inspection Ltd. | Workplace Environment |
| 121. | Envirocare International Ltd., Dhaka | Workplace Environment |
| 122. | Eurosia ITC Services Ltd.,Dhaka | Workplace Environment |
| 123. | Pollution Solution Limited, Dhaka | Workplace Environment |
| 124. | EQMS Consulting Limited, Dhaka | Workplace Environment |
| 125. | CS Lab Limited, Inspection Services, Dhaka | Workplace Environment |
| 126. | Instrumentation Engineering Services Ltd., Inspection Services, Dhaka | Workplace Environment |
| 127. | Greentech Inspection Ltd., Dhaka | Workplace Environment |
| 128. | Environmental Alliance BD Limited | Workplace Environment |
| 129. | Envoage Sustainable Solution | Workplace Environment |
| 130. | Inspection Services Unit, AGS Quality Action Limited | Industrial Packaging Materials Inspection |
| 131. | Adroit Environment Consultants Ltd. | Workplace Environment |
| 132. | Equity Inspection Services | PLI & PSI |
| 133. | Inspection Service Division, TÜV Rheinland Bangladesh Pvt. Ltd. | Textile Products |
| 134. | GEM Consultants Limited, Dhaka | Workplace Environment |
| 135. | Valitech Lab & Inspection Ltd., Inspection Services Uttara, Dhaka, Bangladesh | Workplace Environment |
| 136. | GCL Assessment Services Ltd | Workplace Environment |

## ৯.০ বিএবি আয়োজিত সভা ও সেমিনারসমূহ

(ক) গত ১২ মে ২০২৪ খ্রি. তারিখে "প্রযুক্তি নির্ভর আধুনিক বাংলাদেশ বিনির্মাণে এ্যাক্রেডিটেড টেস্টিং ল্যাবরেটরির অবদান এবং সুশাসন প্রতিষ্ঠা" বিষয়ে সংশ্লিষ্ট অংশীজনদের অংশগ্রহণে একটি সেমিনার/ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিএবি'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুঃ আনোয়ারুল আলম। অনুষ্ঠানে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ার মোঃ আব্দুর রশিদ, ব্যবস্থাপনা পরিচালক, এসজিএস বাংলাদেশ লিমিটেড, জনাব মোঃ মাহবুবুর রহমান, পরিচালক (ভারপ্রাপ্ত), বিএবি এবং জনাব মোঃ নাসিরুল ইসলাম, উপপরিচালক, বিএবি। অনুষ্ঠানে বক্তাগণ প্রযুক্তি নির্ভর আধুনিক বাংলাদেশ বিনির্মাণে এ্যাক্রেডিটেড টেস্টিং ল্যাবরেটরির অবদান এবং সুশাসন প্রতিষ্ঠায় এ্যাক্রেডিটেশনের গুরুত্বের ওপর আলোচনা করেন। বিএবি এ্যাক্রেডিটেড বিভিন্ন সরকারি, বেসরকারি ও বহুজাতিক প্রতিষ্ঠান হতে ৫৫ জন কারিগরি প্রতিনিধি অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারী প্রতিনিধিগণ সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে প্রযুক্তি নির্ভর আধুনিক বাংলাদেশ বিনির্মাণে বিএবি'র কর্মকান্ডকে বিস্তৃত ও গতিশীল করার আহবান জানান।

(খ) গত ১৩ মে ২০২৪ খ্রি. তারিখে "প্রযুক্তি নির্ভর আধুনিক বাংলাদেশ বিনির্মাণে এ্যাক্রেডিটেড মেডিকেল ও ফুড ল্যাবরেটরির অবদান এবং সুশাসন প্রতিষ্ঠা" বিষয়ে সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে সেমিনার/ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিএবি'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুঃ আনোয়ারুল আলম। অনুষ্ঠানে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিগ্রেডিয়ার জেনারেল (অবঃ) জাহিদ মাহমুদ, চীফ কনসালটেন্ট ও পরিচালক, প্যাথলজি ল্যাবরেটরি, ইউনাইটেড হাসপাতাল লিমিটেড, ঢাকা, জনাব মোঃ মাহবুবুর রহমান, পরিচালক (ভারপ্রাপ্ত), বিএবি এবং জনাব মোঃ নাসিরুল ইসলাম, উপপরিচালক, বিএবি।

অনুষ্ঠানে ল্যাবএইড লি. এর ল্যাবরেটরি পরিচালক বিগ্রেডিয়ার জেনারেল (পিআরএল) মিমি পারভিন, প্রভা হেলথ বিডি লিমিটেডের পরিচালক মোঃ মাহবুবুর রহমান সহ বারডেম, মেডিনোভা মেডিকেল সার্ভিসেস, পপুলার ডায়াগনস্টিক সেন্টার, ইবনে সিনা ডায়াগনস্টিক এন্ড ইমেজিং সেন্টার, ইপিক হেলথ্ কেয়ার, চট্টগ্রাম, ঔষধ প্রশাসন অধিদপ্তর, স্কয়ার ফুড এন্ড বেভারেজ লিমিটেড, এসিআই ফুডস লিমিটেড, প্রাণ গ্রুপ লিমিটেড, কিউসি ল্যাব, মৎস্য অধিদপ্তর, বিএসটিআই, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ড্রাগ ইন্টারন্যাশনাল লিমিটেড এবং বিভিন্ন সরকারি, বেসরকারি ও বহুজাতিক প্রতিষ্ঠান থেকে ৫১ জন কারিগরি প্রতিনিধি সেমিনারে অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে বক্তাগণ প্রযুক্তি নির্ভর আধুনিক বাংলাদেশ বিনির্মাণে নিরাপদ খাদ্য সরবারহ ও উন্নত স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণে মেডিক্যাল এবং খাদ্য ল্যাবরেটরি এ্যাক্রেডিটেশনের ওপর জোর গুরুত্ব আরোপ করে বিএবি'র কার্যক্রমকে সম্প্রসারিত এবং অংশীজনবান্ধব করার বিষয়ে মত প্রদান করেন।

(গ) গত ১৪ মে ২০২৪ খ্রি. তারিখে "প্রযুক্তি নির্ভর আধুনিক বাংলাদেশ বিনির্মাণে এ্যাক্রেডিটেড ক্যালিব্রেশন ল্যাবরেটরি, পরিদর্শন সংস্থা এবং সনদ প্রদানকারী সংস্থার অবদান এবং সুশাসন প্রতিষ্ঠা" বিষয়ে সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে সেমিনার/ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিএবি'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুঃ আনোয়ারুল আলম। অনুষ্ঠানে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ইন্টারটেক বাংলাদেশ লিমিটেড এর ব্যাবস্থাপনা পরিচালক জনাব মোঃ নেয়ামুল হাসান, বিএবি'র পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব মোঃ মাহবুবুর রহমান এবং বিএবি'র উপপরিচালক জনাব মোঃ নাসিরুল ইসলাম।

অনুষ্ঠানে বিএবি এ্যাক্রেডিটেড বিভিন্ন সরকারি, বেসরকারি ও বহুজাতিক প্রতিষ্ঠান থেকে ৫৯ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে বক্তাগণ প্রযুক্তি নির্ভর আধুনিক বাংলাদেশ বিনির্মাণে ভোক্তার আস্থা অর্জন, বাণিজ্যে কারিগরি প্রতিবন্ধকতা অপসারণ ও রপ্তানি বাণিজ্য সম্প্রসারণে মাধ্যমে দেশের সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নে এ্যাক্রেডিটেশনের ভূমিকার ওপর জোর গুরুত্ব আরোপ করে বিএবি'র কার্যক্রমকে সম্প্রসারিত এবং গতিশীল করার বিষয়ে মত প্রদান করেন।




*"প্রযুক্তি নির্ভর আধুনিক বাংলাদেশ বিনির্মাণে এ্যাক্রেডিটেড টেস্টিং ল্যাবরেটরির অবদান এবং সুশাসন প্রতিষ্ঠা" বিষয়ে সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে সেমিনার/ মতবিনিময় সভায় অংশগ্রহণকারীদের সাথে বিএবি'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মু: আনোয়ারুল আলম।*




*"প্রযুক্তি নির্ভর আধুনিক বাংলাদেশ বিনির্মাণে এ্যাক্রেডিটেড মেডিকেল ও ফুড ল্যাবরেটরির অবদান এবং সুশাসন প্রতিষ্ঠা" বিষয়ে সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে সেমিনার/ মতবিনিময় সভায় বিএবি'র মহাপরিচালক ও অন্যান্য অংশগ্রহণকারীগণ।*





*"প্রযুক্তি নির্ভর আধুনিক বাংলাদেশ বিনির্মাণে এ্যাক্রেডিটেড ক্যালিব্রেশন ল্যাবরেটরি, পরিদর্শন সংস্থা এবং সনদ প্রদানকারী সংস্থার অবদান এবং সুশাসন প্রতিষ্ঠা" বিষয়ে সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে অনুষ্ঠিত সেমিনার/ মতবিনিময় সভায় বিএবি'র মহাপরিচালক ও অন্যান্য অংশগ্রহণকারীগণ।*

## ১০.০ ২০২২-২৩ অর্থবছরের বরাদ্দকৃত এবং বিএবি'র নিজস্ব আয়ের ব্যয়ের হিসাব

| অর্থনৈতিক কোড | বিবরণ | সংশোধিত বাজেট (জিওবি) | ৪টি কিস্তিতে ছাড়কৃত | জিওবি বরাদ্দ থেকে মোট ব্যয় | মোট ব্যয় (বিএবি'র নিজস্ব আয় থেকে ব্যয়) |
|---|---|---|---|---|---|
| | | ২০২৩-২০২৪ | ২০২৩-২০২৪ | ২০২৩-২০২৪ | ২০২৩-২০২৪ |
| ৩৬৩১১০১ | বেতন বাবদ সহায়তা (মোট) | ৬০৫০০০০ | ৬০৫০০০০ | ৪৭২১৯১০ | ০ |
| ৩৬৩১১০২ | ভাতাদি বাবদ সহায়তা | ৫৪৫৬০০০ | ৫৪৫৬০০০ | ৪২৪৩৯১৭ | ০ |
| ৩৬৩১১০৩ | পন্য ও সেবা বাবদ সরবরাহ | ১৩১০৩০০০ | ১২৯৫৯০০০ | ১১১৮০৪৯২ | ৪৮৪৮০ |
| ৩৬৩১১০৮ | গবেষণা অনুদান | ৭০০০০ | ৭০০০০ | ০ | ০ |
| ৩৬৩১১০৪ | পেনশন ও অবসর সুবিধা সহায়তা | ০ | ০ | ০ | ৩৪৬১০৫ |
| ৩৬৩২১০২ | যন্ত্রপাতি অনুদান | ৩০০০০০ | ৩০০০০০ | ২৯৯০৪৮ | ০ |
| ৩৬৩২১০৪ | অনাবাসিক ভবন স্থাপন | ০ | ০ | ০ | ০ |
| ৩৬৩২১০৫ | তথ্য যোগাযোগ ও প্রযুক্তি অনুদান | ৬৫০০০০ | ৬৫০০০০ | ৪৭২৫৫২ | ০ |
| ৩৬৩২১০৬ | অন্যান্য মূলধন অনুদান | ১০০০০০ | ১০০০০০ | ১০০০০০ | ১১০৫৬ |
| | মোট | ২৫৭২৯০০০ | ২৫৪৮৫০০০ | ২১০১৭৯১৯ | ৪০৫৬৪১ |

| অর্থ বছর | বাজেট (মোট) | ব্যয় (মোট) |
|---|---|---|
| | হাজার টাকা | হাজার টাকা |
| ২০১৮-১৯ | ৩১৯৮০ | ২৪৭৬৭ |
| ২০১৯-২০ | ৩৬৬০০ | ২২৪২৯ |
| ২০২০-২১ | ৩২০০০ | ১৭৩৪৪ |
| ২০২১-২২ | ৩০২১৬ | ২০২৮৫ |
| ২০২২-২৩ | ২৪৪৪০ | ১৭৯৮০ |
| ২০২৩-২৪ | ২৫৭২৯ | ২১৪২৩ |




| অর্থ বছর | বিএবি'র বার্ষিক আয় | ব্যয় (মোট) | সরকারী মঞ্জুরী ব্যয় |
|---|---|---|---|
| | (হাজার টাকা) | (হাজার টাকা) | (হাজার টাকা) |
| ২০১৮-১৯ | ১৫৩০২ | ২৪৭৬৭ | ২৪৭৬৭ |
| ২০১৯-২০ | ৭৯৮২ | ২২৪২৯ | ২০৯৪৯ |
| ২০২০-২১ | ১৩৩০৬ | ১৭৩৪৪ | ১৬৮২৬ |
| ২০২১-২২ | ১৬৭৭৩ | ২০২৮৫ | ১৮৫৯১ |
| ২০২২-২৩ | ১৮১৪১ | ১৭৯৮০ | ২৭৩৪ |
| ২০২৩-২৪ | ১৬৮৮৭ | ২১৪২৩ | ২১০২৮ |

## ১১.০ ১৩ তম অ্যাসেসর রিফ্রেশার্স কোর্স আয়োজন

বিএবি গত ৩০ জুন ২০২৪ তারিখে ঢাকায় "১৩ তম অ্যাসেসরস রিফ্রেশার কোর্স" আয়োজন করে। দিনব্যাপী এ প্রশিক্ষণ কর্মসূচিতে মোট ৪৬ জন অ্যাসেসর এবং এ্যাক্রেডিটেশন বিশেষজ্ঞ অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে নিম্নোল্লিখিত বিষয়ের ওপর আলোচনা করা হয়ঃ

ক) বিএবি'র সংশোধিত নীতি, পদ্ধতি এবং নির্দেশনা;
খ) ILAC এবং APAC নির্দেশিকা;
গ) এ্যাক্রেডিটেশন সংক্রান্ত ব্যবহারিক জ্ঞান এবং পারস্পরিক অভিজ্ঞতা বিনিময়;
ঘ) বিএবি কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেম।



*৩০ জুন ২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত ১৩তম অ্যাসেসরস রিফ্রেশার কোর্সে অংশগ্রহণকারীদের সাথে বিএবি'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মু: আনোয়ারুল আলম।*

## ১২.০ বিএবি'র ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

১. International Accreditation Forum (IAF) এর পূর্ণ সদস্যপদ অর্জনসহ আন্তর্জাতিক স্বীকৃতি Multilateral Recognition Arrangement (MLA) স্বাক্ষর করা।
২. হালাল এবং প্রফিসিয়েন্সি টেস্টিং এর উপর এ্যাক্রেডিটেশন স্কীম চালু করা।
৩. অধিক সংখ্যক অ্যাসেসর তৈরি এবং অ্যাসেসরদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন কারিগরি প্রশিক্ষণ আয়োজন এর পাশাপাশি বিদ্যমান অ্যাসেসরদের জন্য রিফ্রেশার কোর্স আয়োজন করা।
৪. আঞ্চলিক এবং আন্তর্জাতিক সমজাতীয় প্রতিষ্ঠানসমূহের সাথে সম্পর্ক জোরদার এবং বিভিন্ন অনুষ্ঠান তথা সভা-সেমিনার, কারিগরি সভা, প্রশিক্ষণ-কর্মশালায় নিয়মিত অংশগ্রহণ করা।
৫. বৈদেশিক এ্যাক্রেডিটেশন সংস্থার সাথে যোগাযোগ ও সহযোগিতা বৃদ্ধি করা।
৬. নিয়মিতভাবে নিউজলেটার ও এ্যাক্রেডিটেশন সংক্রান্ত বুকলেট প্রকাশ করা।
৭. রপ্তানি বৃদ্ধিকল্পে দেশের ব্যবসায়ী সম্প্রদায় এবং অংশীজনদের সাথে নিয়মিত মতবিনিময় সভার মাধ্যমে করণীয় নির্ধারণ করা।
৮. এ্যাক্রেডিটেড প্রতিষ্ঠান বৃদ্ধিকল্পে বিভিন্ন প্রশিক্ষণে বিশেষজ্ঞদের জ্ঞান বৃদ্ধির জন্য আরো প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা।
৯. জনসাধারণ এবং সুবিধাভোগীদের মাঝে সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে আরও সভা-সেমিনার আয়োজন করা।
১০. যৌথ এ্যাক্রেডিটেশন প্রদানের লক্ষ্যে বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক এ্যাক্রেডিটেশন সংস্থার সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করা।
১১. বিএবি'র কার্যক্রম আরো দক্ষতার সাথে পরিচালনার জন্য কর্মকর্তা/কর্মচারীদের চাহিদা ভিত্তিক প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিত করা।

## ১৩.০ তথ্য অধিকার

তথ্য অধিকার আইন, ২০০৯' এর ধারা ৬ (৩) (ডি) অনুযায়ী বিএবি একজন কর্মকর্তা আরটিআই ফোকাল পয়েন্ট হিসেবে নিযুক্ত করেছে। তথ্য প্রাপ্তি এবং আপিল সংক্রান্ত আবেদন নিম্নোক্ত কর্মকর্তার নিকট করা যাবে।

| আরটিআই ফোকাল পয়েন্ট | | |
|---|---|---|
| **উপপরিচালক (সার্টিফিকেশন ও প্রশিক্ষণ)** | ৯১, মতিঝিল বা/এ, ৬ষ্ঠ তলা<br>ঢাকা-১০০০।<br>www.bab.gov.bd | ই-মেইলঃ nasir@bab.gov.bd<br>টেলিফোনঃ +৮৮০-২-৯৫১৩২২১<br>ফ্যাক্সঃ +৮৮০-২-৯৫১৩২২২ |
| **সহকারী পরিচালক (ল্যাব ও ইন্সপেকশন)** | ৯১, মতিঝিল বা/এ, ৬ষ্ঠ তলা<br>ঢাকা-১০০০।<br>www.bab.gov.bd | ই-মেইলঃ towhid@bab.gov.bd<br>টেলিফোনঃ +৮৮০-২-২৩৩৫৬০৯২<br>ফ্যাক্সঃ +৮৮০-২-৯৫১৩২২২ |
| **আরটিআই আপীল কর্তৃপক্ষ** | | |
| চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) এবং সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয় | শিল্প মন্ত্রণালয় ভবন<br>৯১, মতিঝিল বা/এ ঢাকা-১০০০ | ই-মেইলঃ indsecy@moind.gov.bd<br>টেলিফোনঃ +৮৮০-২-৪৭১২০৮০০৪ |
| প্রয়োজনীয় ফরমসমূহ পাওয়া যাবে | http://www.infocom.gov.bd/site/forms/ or<br>http://www.forms.gov.bd/ | |

## ১৪.০ বিএবি'র কর্মরত জনবলের তালিকা

### কর্মকর্তাবৃন্দ

১ **মুঃ আনোয়ারুল আলম**
মহাপরিচালক
dg@bab.gov.bd



২ **জনাব মোঃ মাহবুবুর রহমান**
পরিচালক (ভারপ্রাপ্ত)
mahbub@bab.gov.bd



২ **জনাব মোঃ নাসিরুল ইসলাম**
উপপরিচালক
nasir@bab.gov.bd



৩ **জনাব মোঃ মাহবুবুর রহমান**
উপপরিচালক
mahbub@bab.gov.bd



৫ **জনাব মোঃ তৌহিদুর রহমান**
সহকারী পরিচালক
towhid@bab.gov.bd



৬ **জনাব মোহাম্মদ আব্বাছ আলম**
সহকারী পরিচালক
abbas@bab.gov.bd



### কর্মচারীবৃন্দ

১ **জনাব মোঃ সালাউদ্দিন খান মিলন**
অফিস সহকারী-কাম-
কম্পিউটার অপারেটর



২ **জনাব মোহাঃ সাইফুল ইসলাম**
অফিস সহকারী-কাম-
কম্পিউটার অপারেটর



৩ **মিস পলি মিত্র**
অফিস সহকারী-কাম-
কম্পিউটার অপারেটর



৪ **জনাব মোঃ জসিম উদ্দিন**
গাড়ি চালক



৫ **জনাব মোঃ আবু হানিফ**
গাড়ি চালক



৬ **জনাব মোঃ নাজমুল হোসেন**
অফিস সহায়ক



৭ **জনাব জয়াশীষ দত্ত**
অফিস সহায়ক



# বাংলাদেশ এ্যাক্রোডিটেশন আইন, ২০০৬

(২০০৬ সনের ২৯ নং আইন)

[১৬ জুলাই ২০০৬]

বিভিন্ন পরীক্ষাগার, সনদ প্রদানকারী সংস্থা, পরিদর্শন সংস্থা, প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা ব্যক্তিকে এ্যাক্রেডিটেশন সনদ প্রদানের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু বিভিন্ন পরীক্ষাগার, সনদ প্রদানকারী সংস্থা, পরিদর্শন সংস্থা, প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা ব্যক্তিকে এ্যাক্রেডিটেশন সনদ প্রদানের ব্যবস্থা রাখা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদদ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ-

## প্রথম অধ্যায়

## প্রারম্ভিক

**১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**–(১) এই আইন বাংলাদেশ এ্যাক্রেডিটেশন আইন, ২০০৬ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যেই তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে এই আইন কার্যকর হইবে।

**২। সংজ্ঞা**–বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-

(ক) অ্যাসেসর" অর্থ সাদৃশ্য নিরুপণের জন্য বোর্ড কর্তৃক নিয়োগকৃত ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(খ) এ্যাক্রেডিটেশন" অর্থ পরীক্ষাগার, সনদ প্রদানকারী সংস্থা, পরিদর্শন সংস্থা, প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা ব্যক্তির নামে ইস্যুকৃত সনদে উল্লিখিত পরীক্ষণ বা অন্যবিধ কর্মকান্ড সম্পাদনে বোর্ড কর্তৃক প্রদত্ত যোগ্যতার স্বীকৃতি;

(গ) "এ্যাক্রেডিটেশন সনদ" অর্থ ধারা ১৪ এর অধীন বোর্ড কর্তৃক প্রদত্ত এ্যাক্রেডিটেশন সনদ;

(ঘ) "এ্যাক্রেডিটেশন মার্ক" অর্থ বোর্ড কর্তৃক নির্ধারিত নিবন্ধন চিহ্ন;

(ঙ) "চেয়ারম্যান" অর্থ বোর্ডের চেয়ারম্যান;

(চ) "পরীক্ষা" অর্থ পরিমাপের পদ্ধতি বা শর্ত বা রীতি, কিংবা এই আইনের অধীনে পরীক্ষিত অথবা পরিদর্শিত কোন উপাদান, বস্তু অথবা পদার্থের পরিমাপ;

(ছ) "পরীক্ষাগার" অর্থ বিশেষজ্ঞ কিংবা সংশ্লিষ্ট পেশায় দক্ষ ব্যক্তি দ্বারা বিভিন্ন পদার্থ, বস্তু, উপাদান ইত্যাদির পরীক্ষণ বা ক্যালিব্রেইশন করার প্রতিষ্ঠান;

(জ) "পরিদর্শন সংস্থা" অর্থ বিশেষজ্ঞ বা বিশেষ পেশায় দক্ষ ব্যক্তি দ্বারা সম্পাদিত পরিদর্শনকারী সংস্থা;

(ঝ) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(ঞ) "প্রশিক্ষণ প্রতিষ্ঠান" অর্থ বোর্ড কর্তৃক ঘোষিত কোন শিক্ষাক্রম বা কার্যক্রমের আওতায় কোন দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান অথবা শিক্ষাদানকর্মে নিয়োজিত প্রতিষ্ঠান অথবা সমপর্যায়ের অন্য কোন প্রতিষ্ঠান;

(ট) "ফৌজদারী কার্যবিধি" অর্থ Code of Criminal Procedure, 1898 (Act.V of 1898);

(ঠ) "ব্যক্তি" অর্থ যে কোন ব্যক্তি এবং কোন প্রতিষ্ঠান, কোম্পানী অংশীদারী কারবার, ফার্ম বা অন্য কোন সংস্থাও উহার অন্তর্ভুক্ত হইবে;

(ড) "বোর্ড" অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত এ্যাক্রেডিটেশন বোর্ড;

(ঢ) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(ণ) "ভাইস চেয়ারম্যান" অর্থ বোর্ডের ভাইস চেয়ারম্যান;

(ত) "মহাপরিচালক" অর্থ বোর্ডের মহাপরিচালক;

(থ) "সনদ প্রদানকারী সংস্থা" অর্থ বিভিন্ন পণ্য অথবা সেবার উপর বিশেষজ্ঞ অথবা বিশেষ পেশায় দক্ষ ব্যক্তি কর্তৃক সনদ প্রদানকারী সংস্থা।

## দ্বিতীয় অধ্যায়
## বোর্ড

৩। **বোর্ড প্রতিষ্ঠা**–(১) এই আইন কার্যকর হইবার পর সরকারী, সরকার গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড নামে একটি বোর্ড প্রতিষ্ঠা করিবে।

(২) বোর্ড, একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং এই আইনের বিধানাবলী সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে, এবং বোর্ড, ইহার নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উক্ত নামে ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

৪। **বোর্ডের প্রধান কার্যালয়, ইত্যাদি**–(১) বোর্ডের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে।
(২) বোর্ড, প্রয়োজনবোধে, বাংলাদেশের যে কোন স্থানে উহার শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

৫। **বোর্ডের গঠন**–(১) নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে বোর্ড গঠিত হইবে, যথাঃ-
(ক) সচিব, শিল্প মন্ত্রণালয়, পদাধিকারবলে;
(খ) সচিব, খাদ্য, ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, পদাধিকারবলে;
(গ) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, পদাধিকারবলে;
(ঘ) সচিব, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, পদাধিকারবলে;
(ঙ) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, পদাধিকারবলে;
(চ) সচিব, বিষয়-সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ;
(ছ) বিজ্ঞান, বাণিজ্য, শিল্প এবং প্রশাসনের ক্ষেত্রে বিশেষ বুৎপত্তিসম্পন্ন ব্যক্তিবর্গের মধ্য হইতে শিল্প মন্ত্রণালয় কর্তৃক মনোনীত দুইজন প্রতিনিধি যাঁহাদের মধ্যে একজন বিশিষ্ট বিজ্ঞানী এবং অন্যজন বাণিজ্য, শিল্প অথবা প্রশাসনে অভিজ্ঞতাসম্পন্ন উচ্চতর শিক্ষাগত যোগ্যতার অধিকারী হইবেন;
(জ) প্রেসিডেন্ট, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ;
(ঝ) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর ভাইস-চ্যান্সেলর কর্তৃক মনোনীত অধ্যাপক পদ মর্যাদার একজন প্রতিনিধি;
(ঞ) এসোসিয়েশন অব সার্টিফিকেশন প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত কোন সার্টিফিকেশন প্রতিষ্ঠানের প্রধান;
(ট) এসোসিয়েশন অব টেস্টিং ল্যাবরেটরীজ কর্তৃক মনোনীত কোন টেস্টিং ল্যাবরেটরীর প্রধান; এবং
(ঠ) মহাপরিচালক, যিনি ইহার সদস্য-সচিবও হইবে।

(২) শুধুমাত্র সদস্যপদে শূন্যতা থাকার কারণে বোর্ডের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোন প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

৬। **চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান নিয়োগ, ইত্যাদি**–(১) বোর্ডের একজন চেয়ারম্যান থাকিবেন, তিনি সরকার কর্তৃক নিযুক্ত হইবে এবং তাঁহার নিয়োগের শর্তাদি সরকার কর্তৃক স্থিরীকৃত হইবে এবং তিনি বোর্ডের সভায় সভাপতিত্ব করিবেন।
(২) চেয়ারম্যান তাঁহার নিয়োগের তারিখ হইতে পরবর্তী তিন বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন।
(৩) বোর্ডের প্রথম সভায় সদস্যগণ তাহাদের মধ্য হইতে তিন বৎসর মেয়াদের জন্য একজন ভাইস চেয়ারম্যান নিযুক্ত করিবেন এবং তিন সদস্য বিশিষ্ট একটি চেয়ারম্যান প্যানেল মনোনয়ন করিবেন।
(৪) চেয়ারম্যানের পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে চেয়ারম্যান তাঁহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে শূন্য পদে নবনিযুক্ত চেয়ারম্যান কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা চেয়ারম্যান পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত ভাইস চেয়ারম্যান চেয়ারম্যানের দায়িত্ব পালন করিবেন।
(৫) চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান উভয়ের অনুপস্থিতিতে এতদুদ্দেশ্যে বোর্ড কর্তৃক অনুমোদিত প্যানেলভুক্ত সদস্যদের মধ্য হইতে প্যানেলের ক্রমানুসারে কোন সদস্য বোর্ডের অস্থায়ী চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করিবেন।

৭। **সদস্যপদের মেয়াদ ও পদত্যাগ**–(১) ধারা ৫ (১) এর দফা (ছ) - (ট) এর অধীন মনোনীত সদস্যগণের পদের মেয়াদ হইবে তাঁহাদের মনোনয়নের তারিখ হইতে পরবর্তী তিন বৎসর।
(২) উপ-ধারা (১) এ উল্লিখিত যে কোন মনোনীত সদস্য চেয়ারম্যানের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন এবং বোর্ড কর্তৃক উহা গৃহীত হইবার তারিখ হইতে উক্ত পদটি শূন্য বলিয়া গণ্য হইবে।

(৩) উপ-ধারা (১) এ উল্লিখিত যে কোন মনোনীত সদস্যের পদ কোন কারণে শূন্য হইলে উক্ত সদস্যপদের নির্ধারিত মেয়াদের অবশিষ্ট সময়ের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক নূতন মনোনয়ন দ্বারা পূর্ণ করা যাইবে।

**৮। বোর্ডের সভা**–(১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) চেয়ারম্যান বোর্ডের সভা আহ্বান করিবেন এবং তদকর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে উক্ত সভা অনুষ্ঠিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, প্রতি তিন মাসে বোর্ডের কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৩) চেয়ারম্যান বোর্ডের সভায় সভাপতিত্ব করিবেন, তাহার অনুপস্থিতিতে ভাইস চেয়ারম্যান সভায় সভাপতিত্ব করিবেন এবং চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান উভয়ের অনুপস্থিতিতে এতদুদ্দেশ্যে বোর্ড কর্তৃক অনুমোদিত প্যানেলভুক্ত সদস্যদের মধ্য হইতে প্যানেলের ক্রমানুসারে সভায় উপস্থিত কোন সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

(৪) বোর্ডের সভার কোরামের জন্য বোর্ডের "৫০ শতাংশ" সদস্যের উপস্থিতি প্রয়োজন হইবে।

(৫) বোর্ডের কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে বোর্ডের সভায় উপস্থিত সংখ্যাগরিষ্ঠ সদস্যের সম্মতি প্রয়োজন হইবে।

(৬) বোর্ডের সভায় প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারীর নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৭) সভায় উপস্থিত সদস্যদেরকে প্রবিধান দ্বারা নির্ধারিত হারে সম্মানী প্রদান করা হইবে।

**৯। কমিটি**– বোর্ড উহার কাজে সহায়তার জন্য, এক বা একাধিক কমিটি গঠন করিতে পারিবে এবং উক্তরূপ কমিটির সদস্য সংখ্যা, দায়িত্ব এবং কার্যপরিধি বোর্ড কর্তৃক নির্ধারিত হইবে।

**১০। বোর্ডের কার্যাবলী**–বোর্ডের কার্যাবলী হইবে নিম্নরূপ, যথাঃ-

(ক) পরীক্ষাগার, সনদ প্রদানকারী সংস্থা, পরিদর্শন সংস্থা, প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা ব্যক্তিকে এই আইনের অধীনে এ্যাক্রেডিটেশন সনদ প্রদান, নবায়ন, প্রত্যাখ্যান, স্থগিতকরণ ও বাতিলকরণ;

(খ) পরীক্ষাগার, সনদ প্রদানকারী সংস্থা, পরিদর্শন সংস্থা, প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা ব্যক্তিকে এ্যাক্রেডিটেশন সনদ প্রদানে নির্ণায়ক ও শর্তসমূহ নির্ধারণ এবং উক্ত নির্ণায়ক ও শর্তসমূহের মান উন্নয়ন করা;

(গ) International Organization for standardization (ISO) ও International Electro Technical Commission (IEC) এবং অনুরূপ কোন জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ও প্রদত্ত দিক নির্দেশনা ও মানে বর্ণিত নির্দেশাবালী অনুযায়ী এ্যাক্রেডিটেশন পরিচালনা করা;

(ঘ) এ্যাক্রেডিটেশন কার্যক্রমে জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত দক্ষতা নিশ্চিত করা;

(ঙ) এ্যাক্রেডিটেশনের ক্ষেত্রে জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক সহযোগিতা প্রদান করা;

(চ) এ্যাক্রেডিটেশন বিষয়ে সংশ্লিষ্টদের মধ্যে উৎসাহ সৃষ্টি ও এ্যাক্রেডিটেশন কর্মকান্ডের উন্নয়ন, প্রশিক্ষণের ব্যবস্থা, সেমিনার ও সিম্পোজিয়াম, ইত্যাদির আয়োজন এবং এ্যাক্রোডিটেশন বিষয়ক তথ্যাদির বিস্তারকল্পে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা;

(ছ) আন্তঃরাষ্ট্র, আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থার সাথে পারস্পরিক স্বীকৃতির ভিত্তিতে বহুমাত্রিক স্বীকৃতির ব্যবস্থা করা;

(জ) এ্যাক্রেডিটেশন সনদ প্রদানকারী দেশীয় বা বিদেশী সমশ্রেণীর প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসাবে কার্য সম্পাদনের উদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

(ঝ) চুক্তিভিত্তিক অ্যাসেসর নিয়োগ করা; এবং

(ঞ) উপরে বর্ণিত কার্যাবলীর সাথে প্রাসঙ্গিক বা আনুষঙ্গিক অন্য সকল কর্মকান্ড সম্পাদন করা।

## তৃতীয় অধ্যায়
## এ্যাক্রেডিটেশন সনদ, ইত্যাদি

**১১। পরীক্ষাগার, ইত্যাদি স্থাপন ও পরিচালনা**–এই আইনের ধারা ১৪ এর অধীন এ্যাক্রেডিটেশন সনদ গ্রহণ করিয়া পরীক্ষাগার, সনদ প্রদানকারী সংস্থা, পরিদর্শন সংস্থা, প্রশিক্ষণ প্রতিষ্ঠান, ইত্যাদি স্থাপন ও পরিচালনা করা যাইবে।

**১২। পরীক্ষাগার, ইত্যাদি স্থাপন ও পরিচালনার শর্ত**–পরীক্ষাগার, সনদ প্রদানকারী সংস্থা, পরিদর্শন সংস্থা, প্রশিক্ষণ প্রতিষ্ঠান, ইত্যাদি স্থাপন ও পরিচালনার শর্তাবলী প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

**১৩। এ্যাক্রেডিটেশন সনদের জন্য আবেদন, ইত্যাদি**– (১) পরীক্ষাগার, সনদ প্রদানকারী সংস্থা, পরিদর্শন সংস্থা, প্রশিক্ষণ প্রতিষ্ঠান, ইত্যাদি স্থাপন ও পরিচালনায় ইচ্ছুক কোন ব্যক্তি এ্যাক্রেডিটেশনের জন্য বোর্ডের নিকট প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ও ফরমে আবেদন করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন প্রাপ্ত আবেদনে উল্লিখিত তথ্যাবলীর সত্যতা যাচাইয়ের জন্য বোর্ড আবেদন প্রাপ্তির সাত দিনের মধ্যে উহা বাছাই কমিটির নিকট প্রেরণ করিবে।

(৩) উপ-ধারা (২) এর অধীন আবেদন প্রাপ্তির অনধিক নব্বই দিনের মধ্যে বাছাই কমিটি আবেদনে উল্লিখিত স্থান সরেজমিনে পরিদর্শন করিবে এবং প্রাপ্ত তথ্যাবলী পরীক্ষা ও যাবতীয় বিষয় অনুসন্ধান করিবার পর তদবিষয়ে একটি পূর্ণাংগ প্রতিবেদন বোর্ডের নিকট দাখিল করিবে।

**১৪। এ্যাক্রেডিটেশন সদন প্রদান**–ধারা ১৩ এর উপ-ধারা (৩) এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর বোর্ড-

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, আবেদনকারী পরীক্ষাগার, সনদ প্রদানকারী সংস্থা, পরিদর্শন সংস্থা, প্রশিক্ষণ প্রতিষ্ঠান, ইত্যাদি স্থাপন ও পরিচালনার জন্য প্রবিধান দ্বারা নির্ধারিত শর্ত পূরণে সক্ষম, তাহা হইলে বোর্ড ধারা ১৮ এর অধীন নির্ধারিত এ্যাক্রেডিটেশন ফিস আদায় করিয়া ত্রিশ দিনের মধ্যে আবেদনকারীকে এ্যাক্রেডিটেশন সনদ প্রদান করিবে; অথবা

(খ) যদি এইরূপ অভিমত পোষণ করে যে, প্রবিধান দ্বারা নির্ধারিত শর্তাবলী পূরণ করিবার জন্য আবেদনকারীকে সুযোগ প্রদান করা সমীচীন, তাহা হইলে উক্ত শর্তাবলী পূরণ করিবার জন্য বোর্ড আবেদনকারীকে ত্রিশ দিন সময় প্রদান করিবে, এবং

(অ) উক্ত সময়ের মধ্যে উল্লিখিত সকল শর্তাবলী প্রতিপালন করিতে আবেদনকারী সক্ষম হইয়াছে মর্মে সন্তুষ্ট হইবার পরবর্তী পনের দিনের মধ্যে আবেদন মঞ্জুর করিয়া এ্যাক্রেডিটেশন সনদ প্রদান করিবে; বা

(আ) উক্ত সময়ের মধ্যে প্রয়োজনীয় শর্তাবলী পূরণ করিতে আবেদনকারী ব্যর্থ হইলে আবেদন নামঞ্জুর করিয়া আবেদনকারীকে অবহিত করিবে; অথবা

(গ) যদি এইরূপ অভিমত পোষণ করে যে আবেদনকারী প্রবিধান দ্বারা নির্ধারিত শর্তাবলীর মধ্যে অধিকাংশ শর্ত পূরণ করিতে সক্ষম হয় নাই এবং আবেদনকারীকে দফা (খ) তে উল্লিখিত সুযোগ প্রদান করা হইলে উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট শর্তাবলী পূরণ করিতে সক্ষম হইবার সম্ভাবনা নাই, তাহা হইলে আবেদনকারীর আবেদন সরাসরি নামঞ্জুর করিয়া পনের দিনের মধ্যে আবেদনকারীকে অবহিত করিবে।

**১৫। বিদ্যমান পরীক্ষাগার, ইত্যাদির সনদ গ্রহণ সংক্রান্ত বিধান**–এই আইন কার্যকর হইবার অব্যবহিত পূর্বে কোন ব্যক্তি কোন পরীক্ষাগার, সনদ প্রদানকারী সংস্থা, পরিদর্শন সংস্থা, প্রশিক্ষণ প্রতিষ্ঠান, ইত্যাদি স্থাপন ও পরিচালনা করিয়া থাকিলে তিনি এই আইন কার্যকর হইবার ত্রিশ দিনের মধ্যে ধারা ১৩ এর উপ-ধারা (১) এ নির্ধারিত পদ্ধতিতে ও ফরমে বোর্ডের নিকট আবেদন করিতে পারিবে এবং উক্তরূপ আবেদন প্রাপ্তির পর বোর্ড ধারা ১৩ এর উপ-ধারা (২), (৩) এবং ধারা ১৪তে বর্ণিত পদ্ধতি অনুসরণ করিবে।

**১৬। বাছাই কমিটি**–এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড, ভাইস চেয়ারম্যান, ধারা ৫ (১) এর দফা (ঙ)-(ছ) এর অধীন মনোনীত সদস্যের মধ্য হইতে একজন সদস্য ও মহাপরিচালকের সমন্বয়ে একটি বাছাই কমিটি গঠন করিবে।

**১৭। এ্যাক্রেডিটেশন সনদের মেয়াদ ও নবায়ন**–(১) ধারা ১৪ এর অধীন প্রদত্ত এ্যাক্রেডিটেশন সনদের মেয়াদ হইবে তিন বৎসর।

(২) উপ-ধারা (১) এ বর্ণিত এ্যাক্রেডিটেশন সনদের মেয়াদ শেষ হইবার নব্বই দিন পূর্বে এ্যাক্রেডিটেশন সনদ নবায়নের নির্ধারিত ফিসসহ নবায়নের জন্য বোর্ডের নিকট প্রবিধান দ্বারা নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে এবং উক্তরূপ আবেদন প্রাপ্তির পর বোর্ড ধারা ১৩ এর উপ-ধারা (২), (৩) এবং ধারা ১৪ তে বর্ণিত পদ্ধতি অনুসরণ করিবে।

**১৮। এ্যাক্রেডিটেশন ফিস, ইত্যাদি**–বোর্ড, প্রবিধান দ্বারা, এ্যাক্রেডিটেশন ফিস এবং নবায়ন ফিসের হার নির্ধারণ ও পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**১৯। এ্যাক্রেডিটেশন সনদ সংরক্ষণ ও প্রদর্শন**– ধারা ১৪ এর অধীন প্রদত্ত প্রতিটি এ্যাক্রেডিটেশন সনদ সংরক্ষণ করিতে হইবে এবং এ্যাক্রেডিটেশন প্রাপ্ত সকল পরীক্ষাগার, সনদ প্রদানকারী সংস্থা, পরিদর্শন সংস্থা, প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা ব্যক্তি কর্তৃক উক্ত সংস্থা বা প্রতিষ্ঠানের একটি দৃষ্টিগ্রাহ্য স্থানে উহা প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

**২০। এ্যাক্রেডিটেশন মার্ক ব্যবহার ও উহার সময়সীমা**–(১) ধারা ১৪ এর অধীনে এ্যাক্রেডিটেশন সনদপ্রাপ্ত পরীক্ষাগার, সনদ প্রদানকারী সংস্থা, পরিদর্শন সংস্থা, প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা ব্যক্তি কর্তৃক এ্যাক্রেডিটেশন মার্ক ব্যবহার করিতে হইবে।

(২) কোন পরীক্ষণ অথবা অন্যবিধ কর্মকান্ড পরিচালনার জন্য কোন পরীক্ষাগার, সনদ প্রদানকারী সংস্থা, পরিদর্শন সংস্থা, প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা ব্যক্তি

যতদিনের জন্য এ্যাক্রেডিটেশন সনদপ্রাপ্ত হইবে, এ্যাক্রেডিটেশন মার্কটিও ততদিন বৈধ থাকিবে ।

**২১। এ্যাক্রেডিটেশন মার্ক ব্যবহারের ক্ষেত্রে বিধি-নিষেধ**–(১) ধারা ১৪ এর অধীনে এ্যাক্রেডিটেশন সনদপ্রাপ্তি ব্যতিরেকে কোন ব্যক্তি, পরীক্ষাগার, সনদ প্রদানকারী সংস্থা, পরিদর্শন সংস্থা, প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা ব্যক্তির পক্ষে, কোন পেটেন্ট, ট্রেডমার্কে বা ডিজাইনে কিংবা বিজ্ঞাপনে অথবা অন্যকোন প্রক্রিয়ায় এ্যাক্রেডিটেশন মার্ক অথবা উহার সহিত সামঞ্জস্যপূর্ণ কোন মার্কের প্রতিচ্ছবি ব্যবহার করা যাইবে না ।
(২) বোর্ড কর্তৃক প্রদত্ত সনদের শর্তাবলী প্রতিপালন ব্যতীত কোন পরীক্ষাগার, সনদ প্রদানকারী সংস্থা, পরিদর্শন সংস্থা, প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা ব্যক্তি সংশ্লিষ্ট এ্যাক্রেডিটেশন মার্ক বা উহার সহিত সামঞ্জস্যপূর্ণ কোন মার্কের প্রতিচ্ছবি ব্যবহার করিতে পারিবে না ।

**২২। কতিপয় নির্দিষ্ট নাম, ইত্যাদি ব্যবহার নিষিদ্ধকরণ**–(১) উপ-ধারা (২) এ বর্ণিত শর্ত সাপেক্ষে কোন ব্যক্তি এই আইনের অধীন বোর্ডের জন্য প্রদত্ত কোন নাম বা উহার এক্রোনিম ব্যবহার করিয়া কোন কার্যক্রম, ব্যবসা, বাণিজ্য বা পেশা পরিচালনা করিতে পারিবেন ।
(২) বোর্ডের লিখিত অনুমোদন ব্যতিরেকে-

(ক) Trade Marks Act, 1940 (Act V of 1940) এর অধীনে ইতিমধ্যে নিবন্ধিত না হইয়া থাকিলে বোর্ড কর্তৃক গৃহীত কোন ট্রেড মার্ক, ডিভাইস, ব্র্যান্ড, হেডিং, লেবেল, টিকেট, সচিত্র উপস্থাপনা, নাম, স্বাক্ষর, অক্ষর, সংখ্যা অথবা নাম বা নামের এক্রোনিমের শব্দ সমন্বয়ে গঠিত কোন স্বাক্ষর, অক্ষর, সংখ্যা অথবা এইসবের যুক্ততা Trade Marks Act, 1940 (Act V of 1940) এর অধীনে নিবন্ধন করা যাইবে না, এবং

(খ) ধারা ১৪ এর অধীন এ্যাক্রেডিটেশন প্রাপ্তি ব্যতিরেকে কোন ব্যক্তি "বাংলাদেশ এ্যাক্রেডিটেশন" শব্দসম্বলিত মার্কের অথবা ধারা ১৪ এর অধীনে এ্যাক্রেডিটেশন প্রাপ্ত হইয়াছে এমন ধারণা সৃষ্টিকারী শব্দের বর্ণনার আওতায় কোন সেবা বা সুযোগ (facility) প্রদান করিতে পারিবে না ।

(৩) কোন ব্যক্তি এই আইন কার্যকর হইবার তারিখে কোন কার্যক্রম, ব্যবসা, বাণিজ্য বা পেশা অথবা উপ-ধারা (২) (ক)তে উল্লিখিত কোন নামে নিবন্ধিত থাকিলে উক্ত উপ-ধারা (২) এর শর্তাদি নির্বিশেষে কার্যক্রম, ব্যবসা, বাণিজ্য বা পেশা চালাইয়া যাইতে কিংবা উক্ত নামে নিবন্ধিত থাকিতে পারিবে ।

**২৩। বোর্ডের সীল যুক্তকরণ**–কোন ইন্স্ট্রুমেন্টে বোর্ডের সীল যুক্ত করিবার ক্ষেত্রে বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত একজন কর্মকর্তার উপস্থিতি এবং প্রত্যয়ন প্রয়োজন হইবে ।

**২৪। তথ্য সংগ্রহের ক্ষমতা, ইত্যাদি**–(১) বোর্ডের প্রয়োজন অনুযায়ী প্রত্যেক আবেদনকারী সনদ প্রাপ্তির জন্য প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ব্যবহৃত বস্তু বা বিষয়ের নমুনা এবং তথ্যাবলী বোর্ডকে প্রদান করিবে ।
(২) প্রত্যেক আবেদনকারী বোর্ডের কর্মকর্তাকে নিবন্ধনকৃত ব্যবসা প্রতিষ্ঠানে প্রবেশাধিকার দিতে বাধ্য থাকিবে ।

**২৫। এ্যাক্রেডিটেশন সনদ বাতিল**– ধারা ১৪ এর অধীনে এ্যাক্রেডিটেশন সনদপ্রাপ্ত কোন পরীক্ষাগার, সনদ প্রদানকারী প্রতিষ্ঠান, পরিদর্শন সংস্থা, প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা ব্যক্তি এই আইন বা তদধীন প্রণীত বিধি বা প্রবিধানমালায় উল্লিখিত শর্তাবলী বা নির্ণায়কসমূহ লংঘন করিলে বা প্রতিপালন করিতেছে না মর্মে বোর্ডের নিকট প্রতীয়মান হইলে, যথাযথ তদন্ত সাপেক্ষে, বোর্ড প্রবিধানমালার বিধান অনুযায়ী, এ্যাক্রেডিটেশন সনদ বাতিল করিত পারিবে ।

**২৬। প্রশাসনিক আদেশের বিরুদ্ধে আপীল, ইত্যাদি**–(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, মহাপরিচালক বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত কোন আদেশ বা নির্দেশের দ্বারা যদি কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত বা সংক্ষুব্ধ হয়, তাহা হইলে উক্ত ক্ষতিগ্রস্ত বা সংক্ষুব্ধ ব্যক্তি অনুরূপ আদেশ বা নির্দেশ প্রদানের তারিখের নব্বই দিনের মধ্যে প্রবিধান দ্বারা নির্ধারিত ফিস পরিশোধ সাপেক্ষে প্রতিকার লাভের উদ্দেশ্যে-

(ক) আদেশটি যদি মহাপরিচালক কর্তৃক প্রদান করা হইয়া থাকে, তাহা হইলে সরকারের নিকট; এবং

(খ) আদেশটি যদি কোন কর্মকর্তা কর্তৃক প্রদান করা হইয়া থাকে, তাহা হইলে চেয়ারম্যানের নিকট, আপীল করিতে পারিবেন ।

(২) উপ-ধারা (১) এর অধীন কোন আপীলের ক্ষেত্রে অনধিক নব্বই দিনের মধ্যে উহা নিষ্পত্তি করিতে হইবে ।
(৩) উপ-ধারা (১) এর অধীন আপীলের ক্ষেত্রে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে ।

**২৭। তথ্যের গোপনীয়তা**–বোর্ডের কোন সদস্য বা কর্মকর্তা বা কর্মচারী বা অ্যাসেসর কর্তৃক এই আইনের অধীনে প্রদত্ত কোন বিবরণ বা সরবরাহকৃত তথ্যাবলী বা সাক্ষ্য-প্রমাণ বা পরিদর্শন রিপোর্ট হইতে প্রাপ্ত যে কোন তথ্য গোপনীয় বলিয়া বিবেচিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, এই আইনের অধীনে কোন মামলার কারণে কোন তথ্য প্রকাশের ক্ষেত্রে এই ধারার বিধান কার্যকর হইবে না ।

## চতুর্থ অধ্যায়
## কর্মকর্তা ও কর্মচারী এবং অ্যাসেসর নিয়োগ

**২৮। মহাপরিচালক**–(১) বোর্ডে একজন মহাপরিচালক থাকিবেন ।

(২) সরকার, শিল্প, বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে পর্যাপ্ত জ্ঞানসম্পন্ন একজন ব্যক্তিকে মহাপরিচালক নিযুক্ত করিবেন এবং তাহার চাকুরীর শর্তাদি সরকার কর্তৃক স্থিরীকৃত হইবে ।

(৩) মহাপরিচালকের পদ শূন্য হইলে, কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে মহাপরিচালক তাহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে শূন্য পদে নবনিযুক্ত মহাপরিচালক কার্যভার গ্রহণ না করা পর্যন্ত বিংবা মহাপরিচালক পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত সরকার কর্তৃক মনোনীত কোন ব্যক্তি মহাপরিচালকের দায়িত্ব পালন করিবেন ।

(৪) মহাপরিচালক বোর্ডের সার্বক্ষণিক মুখ্য নির্বাহী কর্মকর্তা হইবেন, এবং তিনি-

(ক) বোর্ডের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়ী থাকিবেন;

(খ) বোর্ড কর্তৃক প্রদত্ত দায়িত্ব ও কার্যসম্পাদন করিবেন;

(গ) বোর্ডের প্রশাসন পরিচালনা করিবেন; এবং

(ঘ) তাহার সামগ্রীক কর্মকান্ডের জন্য বোর্ডের নিকট দায়ী থাকিবেন ।

**২৯। কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ**–বোর্ড উহার কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে, সরকার কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিবে এবং তাহাদের চাকুরীর শর্তাবলী প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে ।

**৩০। অ্যাসেসর নিয়োগ**– (১) বোর্ড উহার কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে, চুক্তির ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক অ্যাসেসর নিয়োগ করিতে পারিবে এবং তাহাদের যোগ্যতা, সম্মানী ও অন্যান্য শর্তাদি বোর্ড কর্তৃক নির্ধারিত হইবে ।

(২) অ্যাসেসরদের কার্যাবলী হইবে নিম্নরূপ, যথাঃ-

(ক) কোন পরীক্ষাগার, সনদ প্রদানকারী প্রতিষ্ঠান, পরিদর্শন সংস্থা, প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা ব্যক্তিকে এ্যাক্রেডিটেশন সনদ প্রদানের লক্ষ্যে উহার কর্মকান্ড পরিদর্শন ও বোর্ডের নিকট উহার প্রতিবেদন উপস্থাপন;

(খ) এ্যাক্রেডিটেশন সনদ প্রদানের লক্ষ্যে কোন পরীক্ষাগার, সনদ প্রদানকারী সংস্থা, পরিদর্শন সংস্থা কর্তৃক ব্যবহৃত দ্রব্য, জিনিষ বা পদার্থ অথবা কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা ব্যক্তি কর্তৃক ব্যবহৃত যন্ত্র, পদ্ধতি বা কার্যক্রমের নমুনা সংগ্রহকরণ ও বোর্ডের নিকট উহার প্রতিবেদন উপস্থাপন; এবং

(গ) বোর্ড কর্তৃক নির্ধারিত অন্য কোন দায়িত্ব পালন ।

## পঞ্চম অধ্যায়
## তহবিল ও বার্ষিক বাজেট বিবরণী, ইত্যাদি

**৩১। তহবিল**–(১) বোর্ডের কার্য পরিচালনার জন্য উহার একটি তহবিল থাকিবে ।

(২) নিম্নবর্ণিত উৎসসমূহ হইতে প্রাপ্ত অর্থ তহবিলে জমা হইবে, যথাঃ-

(ক) সরকার কর্তৃক প্রদত্ত বার্ষিক মঞ্জুরী;

(খ) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত অনুদান;

(গ) বোর্ড কর্তৃক গৃহীত ঋণ;

(ঘ) তহবিলের অর্থ বিনিয়োগ হইতে প্রাপ্ত মুনাফা; এবং

(ঙ) বোর্ড কর্তৃক প্রদত্ত সেবা ও বোর্ডের বিনিয়োগ হইতে প্রাপ্ত আয় ।

(৩) তহবিলের অর্থ বোর্ডের অনুমোদনক্রমে, কোন তফসিলী ব্যাংকে জমা রাখিতে হইবে এবং ব্যাংক হইতে উক্ত অর্থ উত্তোলনের পদ্ধতি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে ।

(৪) তহবিলের অর্থ বা উহার অংশবিশেষ বোর্ড প্রয়োজন অনুযায়ী বিনিয়োগ করিবে।
(৫) তহবিল হইতে বোর্ডের প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা হইবে।

**৩২। বার্ষিক বাজেট বিবরণী**–(১) বোর্ড প্রতি বৎসর সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পরবর্তী অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী সরকারের নিকট পেশ করিবে এবং উহাতে উক্ত অর্থ বৎসরে সরকারের নিকট হইতে বোর্ডের কি পরিমাণ অর্থের প্রয়োজন হইবে উহার উল্লেখ থাকিবে।

(২) উক্তরূপ বাজেট প্রণয়নের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

**৩৩। হিসাবরক্ষণ ও নিরীক্ষা**–(১) বোর্ড যথাযথভাবে উহার হিসাবরক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।
(২) মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বোর্ডের প্রতি বৎসরের হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা প্রতিবেদনের একটি করিয়া অনুলিপি সরকার ও বোর্ডের নিকট প্রেরণ করিবেন।
(৩) উপ-ধারা (২) মোতাবেক হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কিংবা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি বোর্ডের সকল রেকর্ড, দলিল দস্তাবেজ, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং বোর্ডের কোন সদস্য বা যে কোন কর্মকর্তা বা কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

**৩৪। বোর্ডের কার্যাবলীর বার্ষিক প্রতিবেদন**–(১) প্রতি আর্থিক বৎসর শেষ হইবার পরবর্তী একমাসের মধ্যে মহাপরিচালক বোর্ডের পূর্ববর্তী বৎসরের কার্যাবলী সম্পর্কে একটি প্রতিবেদন বোর্ডের নিকট পেশ করিবে এবং বোর্ড উহা সরকারের নিকট দাখিল করিবে এবং প্রকাশের ব্যবস্থা গ্রহণ করিবে।
(২) সরকার প্রয়োজনমত বোর্ডের নিকট হইতে যে কোন সময় উহার যে কোন কাজের প্রতিবেদন বা বিবরণী চাহিতে পারিবে এবং বোর্ড উহা সরকারের নিকট প্রেরণ করিতে বাধ্য থাকিবে।

**৩৫। ঋণ গ্রহণের ক্ষমতা**–এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড, বাণিজ্যিক ব্যাংক বা সরকার কর্তৃক অনুমোদিত যে কোন আর্থিক প্রতিষ্ঠান বা বিদেশী সংস্থা হইতে ঋণ গ্রহণ করিতে পারিবে।
ব্যাখ্যাঃ আর্থিক প্রতিষ্ঠান বলিতে আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭নং আইন) এর ধারা ২ (খ) তে সংজ্ঞায়িত প্রতিষ্ঠানকে বুঝাইবে।

**৩৬। চুক্তি**–বোর্ড উহার কার্যাবলী সম্পাদনের প্রয়োজনে চুক্তি সম্পাদন করিতে পারিবেঃ
তবে শর্ত থাকে যে, কোন বিদেশী সরকার বা আন্তর্জাতিক সংস্থার সহিত চুক্তির ক্ষেত্রে সরকারের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

## ষষ্ঠ অধ্যায়
## অপরাধ ও দন্ড

**৩৭। কোম্পানী, ইত্যাদি কর্তৃক অপরাধ সংঘটন**–কোন কোম্পানী কর্তৃক এই আইনের অধীন কোন অপরাধ সংঘটিত হইলে উক্ত অপরাধের সহিত প্রত্যক্ষ সংশ্লিষ্টতা রহিয়াছে কোম্পানীর এমন প্রত্যেক পরিচালক, ম্যানেজার, সচিব, অংশীদার, কর্মকর্তা এবং কর্মচারী উক্ত অপরাধ সংঘটন করিয়াছেন বলিয়া গণ্য হইবেন, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত অপরাধ তাহার অজ্ঞাতসারে সংঘটিত হইয়াছে অথবা উক্ত অপরাধ রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।

**ব্যাখ্যাঃ এই ধারায়-**
(ক) "কোম্পানী" বলিতে কোন বাণিজ্যিক প্রতিষ্ঠান, অংশীদারী কারবার, সমিতি, সংঘ এবং সংগঠনও অন্তর্ভুক্ত;
(খ) বাণিজ্যিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে "পরিচালক" বলিতে উহার কোন অংশীদার বা পরিচালনা বোর্ডের সদস্যকেও বুঝাইবে।

**৩৮। অপরাধ বিচারার্থ গ্রহণ**–সরকার কিংবা বোর্ড কর্তৃক অথবা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা কর্তৃক আনীত অভিযোগ ব্যতীত কোন আদালত এই আইনের অধীন কোন মামলা বিচারার্থ গ্রহণ করিবেনা।

**৩৯। ম্যাজিস্ট্রেট কর্তৃক অপরাধ বিচার, ইত্যাদি**–এই আইনের অধীন অপরাধসমূহ প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট বা, ক্ষেত্রমত, মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট কর্তৃক বিচার্য হইবে।

**৪০। দন্ড**–যদি কোন ব্যক্তি এই আইনের ধারা ১৯, ধারা ২০, ধারা ২১ ও ধারা ২২ এর কোন বিধান লংঘন করেন তাহা হইলে তিনি অনুরূপ লংঘনের জন্য অনূর্ধ্ব তিন মাস কারাদন্ড বা অন্যুন বিশ হাজার টাকা এবং অনূর্ধ্ব পাঁচ হাজার টাকা পর্যন্ত অর্থদন্ড বা উভয় দন্ডে দন্ডণীয় হইবেন।

**৪১। দন্ডের বিরুদ্ধে আপীল**– এই আইনের অধীন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট বা ক্ষেত্রমত, মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রদত্ত কোন রায় বা আদেশের বিরুদ্ধে এখতিয়ারসম্পন্ন দায়রা আদালতে আপীল করা যাইবে।

**৪২। ফৌজদারী কার্যবিধির প্রয়োগ**–এই আইনের বিধানাবলীর সহিত অসংগতিপূর্ণ না হওয়া সাপেক্ষে, এই আইনের অধীন অপরাধের তদন্ত, বিচার, আপীল ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে ফৌজদারী কার্যবিধি প্রযোজ্য হইবে।

**৪৩। অপরাধের আমল অযোগ্যতা ও জামিনযোগ্যতা**– এই আইনের অধীন অপরাধসমূহ আমল অযোগ্য (non-cognizable) ও জামিনযোগ্য (bailable) হইবে।

**৪৪। বাজেয়াপ্তকরণ**–(১) কোন ব্যক্তি এই আইনের অধীন দোষী সাব্যস্ত এবং দন্ডপ্রাপ্ত হইলে আদালত যেই পণ্য এবং যন্ত্রপাতির সম্পৃক্ততায় অপরাধটি সংগঠিত হইয়াছে তাহার সমুদয় বা কোন অংশ বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান করিতে পারিবে।
(২) উপ-ধারা (১) এর অধীন বাজেয়াপ্তকৃত সমুদয় পণ্য এবং যন্ত্রপাতি বা উহার অংশবিশেষ আদালতের নির্দেশিত পন্থায় নিষ্পত্তি করিতে হইবে।

## সপ্তম অধ্যায়
## বিবিধ

**৪৫। ক্ষমতা অর্পণ**–বোর্ড উহার যে কোন ক্ষমতা, প্রয়োজনবোধে তৎকর্তৃক নির্ধারিত শর্তে, মহাপরিচালক বা বোর্ডের অন্য কোন কর্মকর্তার নিকট অর্পণ করিতে পারিবে।

**৪৬। সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণ**– এই আইন বা তদধীন প্রণীত বিধি বা প্রবিধানের অধীন সরল বিশ্বাসেকৃত কোন কাজের ফলে কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হইলে বা ক্ষতিগ্রস্ত হইবার সম্ভাবনা থাকিলে, তজ্জন্য সরকার, বোর্ডের কোন সদস্য, মহাপরিচালক বা অন্যান্য কর্মকর্তা বা কর্মচারী, অথবা সরকারের কোন কর্মকর্তা বা সরকার বা বোর্ডের কর্তৃত্বাধীন কোন প্রকাশনা, রিপোর্ট অথবা সরকারের বা বোর্ডের কোন কর্মকর্তা বা কর্মচারীর কর্তৃত্বাধীন কোন প্রকাশনা, রিপোর্ট বা কার্যধারার বিরুদ্ধে দেওয়ানী বা ফৌজদারী মামলা বা অন্য কোন আইনগত কার্যধারা দায়ের বা রুজু করা যাইবে না।

**৪৭। বিধি প্রণয়নের ক্ষমতা**–সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বিধিমালা প্রণয়ন করিতে পারিবে।

**৪৮। প্রবিধান প্রণয়নের ক্ষমতা**– বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

**৪৯। ইংরেজীতে অনূদিত পাঠ প্রকাশ**–এই আইন কার্যকরী হইবার পর সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের ইংরেজীতে অনূদিত একটি পাঠ প্রকাশ করিবে, যাহা এই আইনের অনুমোদিত ইংরেজী পাঠ (Authentic English Text) নামে অভিহিত হইবেঃ
তবে শর্ত থাকে যে, বাংলা পাঠ ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।